Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: **A-655**
বিষয়: স্কুল এবং ডিস্ট্রিক্টের নেতৃত্বদানকারী দলসমূহ
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: 18 জুন, 2026

## পরিবর্তনসমূহের সংক্ষিপ্তসার

এই প্রবিধান 24 মার্চ, 2010 তারিখে জারিকৃত চ্যান্সেলরের প্রবিধান A-655-কে রহিত করে।

পরিবর্তনসমূহ:

- স্পষ্টতা এবং সাবলীলতার উন্নতির লক্ষ্যে অনুচ্ছেদ এবং উপ-অনুচ্ছেদগুলো পুনরায় সংগঠিত করা হয়েছে।
- বিভিন্ন সংজ্ঞা যোগ করা হয়েছে।
- কিছু নির্দিষ্ট স্কুলে টাইটেল ওয়ান (I) PAC চেয়ারকে SLT-এর আবশ্যক সদস্য হিসেবে যোগ করা হয়েছে। (সেকশন I.A.2.)
- হাই স্কুল এবং মিডল্ স্কুলগুলোতে শিক্ষার্থী SLT সদস্যদের আবশ্যক করা হয়েছে। (সেকশন I.A.2.)
- এলিমেন্টারি স্কুলসমূহ এবং K-8 গ্রেডের স্কুলগুলোতে শিক্ষার্থী SLT সদস্যদের উৎসাহিত করা হচ্ছে, এবং যেসব স্কুলে শিক্ষার্থী SLT সদস্য নেই সেগুলিতে SLT শিক্ষার্থী উপ-কমিটি গঠন করতে উৎসাহিত করা হচ্ছে। (সেকশন I.A.4.)
- এটি স্পষ্ট করে যে, DC 37 হলো সুপারিশকৃত সদস্যবৃন্দ, এবং স্কুলগুলিকে অবশ্যই SLT-তে অংশগ্রহণ সম্পর্কে DC 37 কর্মীদের সাথে পরামর্শ করতে হবে এবং একজন DC 37 সদস্য প্রতিনিধিকে রাখতে সর্বোচ্চ প্রচেষ্টা করবে। (সেকশন I.A.4.)
- প্রতিটি নির্বাচক সদস্য গোষ্ঠির (সেকশন I.D.1.) জন্য SLT নির্বাচন প্রক্রিয়াসমূহ স্পষ্ট করে।
- SLT-এর জন্য যে প্রক্রিয়ায় শিক্ষার্থী এবং CBO সদস্য বাছাই করা হয় সেই প্রক্রিয়াগুলো সুস্পষ্ট করে। (সেকশন I.D.2. এবং I.D.3.)
- SLT মিটিংগুলো পরিচালনার সময়ের জন্য উন্মুক্ত সভার আইনের শর্তাবলী স্পষ্ট করে। (সেকশন I.G.2.)
- উপবিধির শর্তাবলী হালনাগাদ করে। (সেকশন I.F.2. এবং II.C.2.)
- গ্রীষ্মকালীন মাসগুলোতে যে ভাতা দেয়া হয়, সেগুলোর ধরন এবং পরিমাণ স্পষ্ট করে। (সেকশন I.I.)
- CEP এবং স্কুল-ভিত্তিক বাজেট সম্পর্কিত বিভিন্ন প্রক্রিয়া সুস্পষ্ট করে। (সেকশন I.J.)
- ঐকমত্যের-ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণের সংজ্ঞা এবং কোন ধরনের সিদ্ধান্ত অবশ্যই ব্যবহার করতে হবে তা হালনাগাদ করে। (সেকশন I.J.3 এবং I.J.10)
- সকল বিষয়ে ঐকমত্যে পৌঁছুতে সব রকম প্রচেষ্টা করতে হবে তা স্পষ্ট করে, তবে প্রশাসনিক বিষয়গুলোতে সিদ্ধান্ত সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে গ্রহণ করা যেতে পারে। (সেকশন I.J.10)
- এই মর্মে যে, ডিভিশন অভ ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর দ্বারা সমর্থিত DLT-গুলো SLT-গুলোকে প্রশিক্ষণ এবং সহায়তা দেবে। (সেকশন I.K এবং II.F.4)
- নির্বাচন সম্পর্কিত বিভিন্ন অসন্তোষ এবং অভিযোগ দায়েরের প্রক্রিয়াগুলো হালনাগাদ করে। (সেকশন I.L. এবং II.H.)
- DLT-গুলোর মাঝে আবশ্যক সদস্য ও অনাবশ্যক সদস্য গঠনের প্রক্রিয়া হালনাগাদ করে, এবং CEC প্রতিনিধি

ও শিক্ষার্থীদেরকে আবশ্যক সদস্য হিসেবে যোগ করে (সেকশন II.A.1. এবং II.A.2.)

- ডিস্ট্রিক্ট 75 DLT ডিস্ট্রিক্ট 75-এর সিটিওয়াইড কাউন্সিলে একজন সদস্য অন্তর্ভুক্ত করতে পারে তা হালনাগাদ করে। (সেকশন II.A.3.)
- সিটিওয়াইড হাই স্কুল সাবকমিটিকে সিটিওয়াইড হাই স্কুল DLT কমিটিতে (CHSDC) পরিবর্তন করে, এবং CHSDC-এর উদ্দেশ্য ও সদস্যপদ স্পষ্ট করে এবং CHSDC-এর দায়িত্বসমূহ সুনির্দিষ্ট করে। (সেকশন II.B.)
- এই মর্মে যে, DLT-গুলো এবং CHSDC, ডিভিশন অভ ফার্স্ট ডেপুটি কাউন্সেলর কর্তৃক সহায়তা প্রাপ্ত হবে। (সেকশন II.B.3. II.F.4. এবং II.G.)

Department of Education

# চ্যান্সেলরের প্রবিধান

নম্বর: A-655
বিষয়: স্কুল এবং ডিস্ট্রিক্টের নেতৃত্বদানকারী দলসমূহ
শ্রেণি: **শিক্ষার্থী**
ইস্যুর তারিখ: 18 জুন, 2026


## সারসংক্ষেপ

এই প্রবিধান নিউ ইয়র্ক সিটির প্রতিটি পাবলিক স্কুলে একটি স্কুল লিডারশিপ টিম (SLT) এবং প্রতিটি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টে একটি ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (DLT) গঠনের জন্য শর্তাবলী ধার্য করে। এছাড়াও প্রবিধানটি স্কুল-ভিত্তিক পরিকল্পনা এবং একত্রে সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্রীয় পরিকল্পনা নিশ্চিত করে।


## ভূমিকা

স্টেট এডুকেশন আইনের সেকশন 2590-h অনুযায়ী, প্রতিটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে অবশ্যই একটি SLT থাকবে। SLT-গুলো স্কুল-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণের একটি কাঠামো এবং স্কুলে একটি সহযোগিতামূলক সংস্কৃতি রূপদান গড়ে তুলতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। স্কুল-ভিত্তিক শিক্ষাগত নীতি প্রণয়ন এবং সেসব নীতি বাস্তবায়নের সামঞ্জস্যপূর্ণ সংস্থান নিশ্চিত করার একটি মাধ্যম হলো স্কুলের নেতৃদানকারী দল (স্কুল লিডারশিপ টিম, SLT)।

একযোগে কাজ করে, SLT-গুলো একটি স্কুলের শিক্ষাগত কর্মসূচি ও শিক্ষার্থী সাফল্যে সেগুলোর প্রভাব মূল্যায়ন (ইভাল্যুয়েশন) ও মূল্যাবধানে (অ্যাসেসমেন্ট) সহায়তা প্রদান করে।

প্রত্যেক কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টে অবশ্যই একটি ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (DLT) গঠন করতে হবে যেখানে ভৌগলিকভাবে ঐ কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত এলিমেন্টারি, মিডল্, এবং হাই স্কুলের প্রতিনিধি থাকবে। স্কুল-ভিত্তিক পরিকল্পনা এবং যৌথ সিদ্ধান্ত-গ্রহণে পিতামাতা এবং কর্মীদের অংশগ্রহণের জন্য ডিস্ট্রিক্ট স্তরের পরিকল্পনা সম্পর্কিত বিষয়ে DLT-গুলো কমিশনারের প্রবিধানের সেকশন 100.11-এর শর্তগুলি পূরণ করে।

## সংজ্ঞাসমূহ

এই প্রবিধান সংক্রান্ত বিষয়ের ক্ষেত্রে নিচের সংজ্ঞাগুলো প্রযোজ্য হবে।

A. **স্কুল লিডারশিপ টিম (SLT)**: SLT হলো স্বার্থসংশ্লিষ্টদের একটি গ্রুপ যারা সহযোগিতামূলকভাবে তাদের স্কুলের জন্য শিক্ষাবিষয়ক নীতিমালা প্রণয়ন করে, যা করা হয় পিতামাতা এবং কর্মী অংশগ্রহণে ভারসাম্য আনা এবং স্কুল-ভিত্তিক শেয়ারকৃত সিদ্ধান্ত-গ্রহণে শিক্ষার্থী এবং কমিউনিটির অন্য প্রতিনিধিগণের অন্তর্ভুক্তির মাধ্যমে। স্টেট এডুকেশন আইনের সেকশন 2590-h অনুযায়ী, স্কুলের নেতৃত্বদানকারী দলের (স্কুল লিডারশিপ টিম, SLT) দায়িত্ব হলো প্রত্যেক শিক্ষা বছরে স্কুল-ভিত্তিক বাজেটের সঙ্গে সঙ্গতি রেখে একটি স্কুলের সমন্বিত শিক্ষাগত পরিকল্পনা (স্কুল কমপ্রিহেনসিভ এডুকেশনাল প্ল্যান, CEP) প্রণয়ন করা।

B. ডিস্ট্রিক্টের নেতৃত্বদানকারী দল (**ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম, DLT**): DLT হলো স্বার্থসংশ্লিষ্টদের একটি গ্রুপ যারা একযোগে কাজ করে তাদের ডিস্ট্রিক্টের জন্য শিক্ষাগত নীতিমালা প্রণয়ন করে, যা যৌথভাবে

সিদ্ধান্ত-গ্রহণে পিতামাতা, কর্মী, শিক্ষার্থী এবং কমিউনিটি সদস্যদের অন্তর্ভুক্ত করে। স্কুল-ভিত্তিক পরিকল্পনা এবং যৌথ সিদ্ধান্ত-গ্রহণে পিতামাতা এবং কর্মীদের অংশগ্রহণের জন্য ডিস্ট্রিক্ট স্তরের পরিকল্পনা সম্পর্কিত বিষয়ে DLT-গুলো কমিশনারের প্রবিধানের সেকশন 100.11-এর শর্তগুলি পূরণ করে। DLT ডিস্ট্রিক্টের সমন্বিত শিক্ষাগত পরিকল্পনা (ডিস্ট্রিক্ট কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যান, DCEP) তৈরি করে, যাতে অন্তর্ভুক্ত চ্যান্সেলরের লক্ষ্যের সাথে সমন্বিত ডিস্ট্রিক্টের বার্ষিক লক্ষ্য ও উদ্দেশ্যসমূহ এবং এটি ডিস্ট্রিক্ট 100.11 পরিকল্পনার ছয়টি শ্রেণি অন্তর্ভুক্ত করে।

C. **সিটিওয়াইড হাই স্কুল DLT কমিটি (CHSDC):** CHSDC হলো হাই স্কুল প্রতিনিধিদের একটি গ্রুপ যা প্রাসঙ্গিক ড্যাটা পর্যালোচনা করতে, শিক্ষার্থী কার্যসম্পাদনায় প্রভাব বিস্তারকারী সমস্যাগুলো শনাক্ত করতে, এবং হাইস্কুল ও তাদের শিক্ষার্থীদের উপর যেসব চাহিদা ও বিশেষ সমস্যা প্রভাব ফেলে সেগুলো যেন DLT আলোচনায় পূর্ণ প্রতিনিধিত্ব থাকে নিশ্চিত করতে প্রতি মাসে মিলিত হয়।

D. **সিটিওয়াইড এবং কমিউনিটি এডুকেশন কাউন্সিল (CCEC):** CCEC-গুলো হচ্ছে শিক্ষা নীতি বিষয়ক উপদেষ্টা পরিষদ যা অন্যান্য দায়-দায়িত্বের পাশাপাশি ডিস্ট্রিক্টের শিক্ষাগত কর্মসূচি পর্যালোচনা ও মূল্যায়ন করে, জোনের সীমারেখা অনুমোদন করে, এবং সুনির্দিষ্টি বিষয়সমূহে গণ-শুনানির (পাবলিক হিয়ারিং) আয়োজন করে। 32-টি কমিউনিটি কাউন্সিলের (CECs) পাশাপাশি চারটি সিটিওয়াইড কাউন্সিল রয়েছে - সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুলস্ (CCHS), সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশন (CCSE), সিটিওয়াইড কাউন্সিল অন ডিস্ট্রিক্ট 75 (CCD75), এবং সিটিওয়াইড কাউন্সিল অন ইংলিশ ল্যাঙ্গুয়েজ লর্নার্স (CCELL)।

E. **উপবিধিসমূহ:** উপবিধি বলতে এমন একটি নির্দেশনাদানকারী নথি বোঝায় যা SLT এবং DLT-এর কার্য-পরিচালনা এবং ব্যবস্থাপনার কাঠামো প্রদান করে এবং অবশ্য প্রতিপালনীয় নিয়ম-নীতি উল্লেখ করে।

F. **পিতামাতা**: প্রবিধানের ক্ষেত্রে 'প্যারেন্ট' বলতে শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবক, কিংবা শিক্ষার্থীর সাথে পিতামাতাসূলভ বা তত্ত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে এমন কোনও ব্যক্তিকে বোঝায়। পিতামাতার সংজ্ঞা জন্মদাতা অথবা পালক পিতামাতা, সৎ-পিতামাতা, আইনগতভাবে নিযুক্ত অভিভাবক, ফস্টার পিতামাতা, ও বর্তমানে স্কুলে অংশগ্রহণকারী শিক্ষার্থীর সাথে "পিতামাতাসূলভ সম্পর্কে" আবদ্ধ ব্যক্তি অন্তর্ভুক্ত করে।

G. **কম্প্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (CEP)**: CEP হলো SLT কর্তৃক প্রণীত একটি শিক্ষাগত পরিকল্পনার নথি যা স্কুলগুলোকে চলমান উন্নতি পরিকল্পনায় সহযোগিতামূলকভাবে সম্পৃক্ত রাখে, স্কুল-ভিত্তিক বাজেট এবং শিক্ষাগত প্রোগ্রামের মধ্য সমন্বয় প্রদর্শন করে, এবং শেয়ারকৃত সিদ্ধান্ত-গ্রহণে সকল স্টেট এবং ফেডারেল বাধ্যবাধকতার শর্তাবলী পূরণ করে।

H. **ডিস্ট্রিক্ট কম্প্রিহেনসিভ এডুকেশনাল প্ল্যান (DCEP)**: DCEP হলো DLT কর্তৃক প্রণীত একটি শিক্ষাগত পরিকল্পনার নথি যা ডিস্ট্রিক্টের স্বার্থসংশ্লিষ্টদেরকে চলমান উন্নয়ন পরিকল্পনায় একযোগে কাজ করতে সম্পৃক্ত রাখে এবং যৌথ সিদ্ধান্ত-গ্রহণ সম্পর্কিত সকল স্টেট ও ফেডারেল শর্ত পালন করে।

I. **স্কুল-ভিত্তিক বাজেট:** স্কুল-ভিত্তিক বাজেট একটি আর্থিক মাপকাঠি প্রদান করে যার মধ্যে SLT শিক্ষার্থীদের চাহিদা পূরণে এবং স্কুলের শিক্ষাগত প্রোগ্রাম পরিকল্পনার উদ্দেশ্যে বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করে। স্কুল-ভিত্তিক বাজেট তৈরির পাশাপাশি CEP তৈরি করা হবে যাতে এটি বাজেট তৈরিতে সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়াটি অবহিত করতে পারে এবং এর ফলে CEP ও বাজেটে সামঞ্জস্য হয়। প্রিন্সিপাল, যিনি স্কুল-ভিত্তিক বাজেট তৈরির জন্য দায়বদ্ধ, তিনি CEP-র সাথে বাজেট যেন সামঞ্জস্যপূর্ণ হয় তা

নিশ্চিত করতে এই প্রণয়ন প্রক্রিয়ার সময় SLT-টির সাথে পরামর্শ করবেন। প্রিন্সিপাল স্কুল-ভিত্তিক বাজেট সংক্রান্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

J. **সর্বসম্মতির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ**: সর্বসম্মতি বলতে বোঝায় একদল মানুষের মাঝে সাধারণভাবে গৃহীত একটি সিদ্ধান্ত। সর্বসম্মতি বলতে এটি বোঝাবে না যে প্রত্যেক অংশগ্রহণকারীর পূর্ণ সম্মতি রয়েছে, বরং সাধারণভাবে এটি বোঝায় যে গ্রুপ বা দলটি একটি সম্মতিযোগ্য সাধারণ সিদ্ধান্তে পৌঁছেছে এবং প্রক্রিয়াটি অগ্রসর হতে পারে। এই প্রবিধানের শর্ত অনুযায়ী, CEP প্রণয়ন এবং সকল বাজেট সম্পর্কিত বিষয়ের ক্ষেত্রে সর্বসম্মতির সিদ্ধান্ত অবশ্যই ব্যবহার করতে হবে। সকল বিষয়ে ঐকমত্যে পৌঁছুতে সব রকম প্রচেষ্টা করতে হবে, তবে প্রশাসনিক বিষয়গুলোতে সংখ্যাগরিষ্ঠ ভোটের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে। প্রশাসনিক বিষয় বলতে বোঝায় কোনো সংস্থা বা সংগঠনের রসদ ব্যবস্থাপনা অথবা পরিচালনার বিষয় সম্পর্কিত যেকোনো কিছু, এর অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমিত নয়, মিটিংয়ের সময়সূচি তৈরি, কার্যবিবরণীর অনুমোদন, উপবিধি তৈরি এবং সংশোধন, অফিসারদের নির্বাচন ইত্যাদি।

K. **উন্মুক্ত মিটিংয়ের আইন (OML):** এগুলো দিয়ে নিউ ইয়র্ক স্টেটের উন্মুক্ত মিটিংয়ের আইন বোঝায়, যা নির্দিষ্ট পাবলিক সংস্থাগুলোর ক্ষেত্রে প্রযোজ্য, এবং এটি স্টেটের আইনে বর্ণিত প্রক্রিয়াসমূহ দ্বারা তাদের কার্য-পরিচালনায় আবশ্যক। সকল SLT মিটিং OML শর্তাবলীর **আওতাধীন**। DLT মিটিংগুলি OML শর্তসমূহের আওতাধীন **নয়**, যদিও, DLT-এর মাসিক মিটিংগুলো ডিস্ট্রিক্টের স্বার্থসংশ্লিষ্টদের জন্য পর্যবেক্ষক হিসেবে, সর্বোচ্চ যতটা সম্ভব উন্মুক্ত হওয়া উচিত।

## I. স্কুল লিডারশিপ টিমসমূহ

A. গঠন

1. টিম বা দলের সদস্য সংখ্যা

   সকল SLT ন্যূনতম দশ জন এবং সর্বোচ্চ 19 জন সদস্য নিয়ে গঠিত হতে হবে। টিমের সাইজ নির্ধারণে, পারিশ্রমিকের জন্য বাজেট বরাদ্দ অবশ্যই বিবেচিত হবে।

2. আবশ্যিক সদস্যবৃন্দ

   SLT-র শুধুমাত্র চার বাধ্যতামূলক সদস্য হলেন স্কুলের প্রিন্সিপাল, প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশনের (PA/ PTA) প্রেসিডেন্ট, এবং ইউনাইটেড ফেডারেশন অভ টিচার্স-এর (UFT) চ্যাপ্টার লিডার, এবং টাইটেল ওয়ান প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের (PAC) চেয়ার বা সভাপতি/তার বিকল্প বা অল্টারনেট (যদি প্রযোজ্য হয়), অথবা তাদের নিয়োজিত ব্যক্তিবর্গ।

   PA/PTA সহ-সভাপতি বা কো-প্রেসিডেন্টদের ক্ষেত্রে, কোন সহ-সভাপতি SLT-টির বাধ্যতামূলক সদস্য হিসেবে কাজ করবেন তা বাকি PA/PTA অফিসারগণ নির্ধারণ করবেন।

   টাইটেল ওয়ান (I) PAC সভাপতি (চেয়ার)/বিকল্পকে (অল্টারনেট) SLT-এর একজন বাধ্যতামূলক সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা শুধুমাত্র টাইটেল ওয়ান স্কুলগুলির ক্ষেত্রে প্রযোজ্য।

   মিডল্ এবং হাই স্কুল SLT-গুলো অবশ্যই শিক্ষার্থীদের অন্তর্ভুক্ত করবে (মিডল্ এবং হাই স্কুল কমপক্ষে দুজন শিক্ষার্থী আবশ্যিক; 6-12 গ্রেডের স্কুলগুলোতে অবশ্যই একজন মিডল্ স্কুল শিক্ষার্থী এবং একজন হাই স্কুল শিক্ষার্থী থাকবে)।

3. আবশ্যক নয় এমন সদস্যবৃন্দ

   আবশ্যিক সদস্য ছাড়াও, SLT-সমূহ স্কুল থেকে অন্য পিতামাতা এবং শিক্ষাবিষয়ক এবং শিক্ষার সাথে সম্পৃক্ত নয় এমন কর্মীদের অবশ্যই অন্তর্ভুক্ত করবে, (যেমন DC 37 সদস্য, এর ব্যতিক্রম প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ)

4. দলের গঠন

SLT-গুলোতে অবশ্যই সম-সংখ্যক পিতামাতা ও স্টাফ সদস্য হতে হবে। একটি টিমের সম-সংখ্যক পিতামাতা ও স্টাফ সদস্য আছে কিনা তা নির্ধারণে শিক্ষার্থী ও CBO সদস্যদের গণনা করা হয় না।

DC 37 হলো সুপারিশকৃত সদস্যবৃন্দ। স্কুলগুলিকে অবশ্যই SLT-তে অংশগ্রহণ সম্পর্কে DC 37 কর্মীদের সাথে পরামর্শ করতে হবে এবং একজন DC 37 সদস্য প্রতিনিধিকে রাখতে সর্বোচ্চ প্রচেষ্টা করবে।

কমিউনিটি ভিত্তিক সংগঠনগুলোর (CBOs) প্রতিনিধিদেরকেও অন্তর্ভুক্ত করা যেতে পারে।

এলিমেন্টারি স্কুল এবং K-8 গ্রেডের স্কুলগুলোকে উৎসাহিত করা হয় তবে SLT-তে শিক্ষার্থী অন্তর্ভুক্ত করা আবশ্যক নয়। যদি SLT-তে শিক্ষার্থী অন্তর্ভুক্ত করা না হয়, স্কুলটিকে একটি SLT শিক্ষার্তী সাবকমিটি গঠনে উৎসাহিত করা হয় যা শিক্ষার্থীবৃন্দ এবং স্কুল নীতিতে প্রভাব ফেলে এমন সমস্যাসমূহের বিষয়ে আলোচনা করতে SLT- এর সাথে মাঝে মাঝে মিলিত হয়, কিন্তু তা কমপক্ষে বছরে দুইবার হতে হবে। কোন সাবকমিটি SLT মিটিংয়ে যোগ দেবে সেটি SLT নির্ধারণ করে এবং সময়সূচি করে।

B. যোগ্যতা

1. পিতামাতাগণ

SLT-তে পরিষেবা দিতে স্কুলের PA/PTA কর্তৃক স্কুল থেকে পিতামাতাগণ নির্বাচিত হবার যোগ্য।

পিতামাতাগণ যে স্কুলে চাকুরি করেন সেই স্কুলে একজন পিতামাতা সদস্য (প্যারেন্ট মেম্বার) হিসেবে SLT-তে পরিষেবা পারবেন না, তবে তারা অন্য স্কুল যেখানে তাদের ছেলেমেয়ে পড়ছে সেখানে পরিষেবা দিতে পারেন।

পিতামাতাগণ একাধিক SLT-তে পরিষেবা দেয়ার জন্য নির্বাচিত হতে পারেন, যদি তারা এই প্রবিধানে উল্লিখিত শর্তাবলী পূরণ করেন। একটি কমিউনিটি এডুকেশন কাউন্সিলের (CEC) পিতামাতা সদস্যগণ (এবং একটি নির্বাচনের বছরে, কোনো CEC-এর প্রর্থীগণ) তাদের সন্তান যে স্কুলে পড়ছে সেখানকার SLT-টিতে পিতামাতা সদস্য হিসেবে পরিষেবা দিতে পারেন।

2. স্টাফ

প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ যে স্কুলে তারা কাজ করেন সেখানকার SLT-টিতে সদস্য হিসেবে পরিষেবা দিতে পারবেন না। প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ যেসব স্কুলে তারা কাজ করেন সেখানকার SLT মিটিংয়ে পর্যবেক্ষক অথবা উপস্থাপক হিসেবে যোগদানে আমন্ত্রিত হতে পারেন। তাদেরকে SLT সাবকমিটিগুলোতেও পরিষেবা দেয়ার জন্য বলা হতে পারে।

প্যারেন্ট কোঅর্ডিনেটরগণ যে স্কুলে তারা কাজ করেন সেখানকার SLT-টিতে পিতামাতা সদস্য (প্যারেন্ট মেম্বার) হিসেবে পরিষেবা দিতে পারবেন না। উভয় প্যারেন্ট কোঅর্ডিনেটর এবং অন্য স্কুল সদস্যবৃন্দ অন্য স্কুলসমূহ যেখানে তাদের সন্তানেরা পড়ছে সেখানকার SLT-গুলোতে পিতামাতা সদস্য (প্যারেন্ট মেম্বার) হিসেবে পরিষেবা দিতে পারবেন।

ডিস্ট্রিক্ট অফিসের কর্মীগণ যেখানে তারা কাজ করেন সেই ডিস্ট্রিক্টের কোনো SLT-তে একজন পিতামাতা সদস্য হিসেবে পরিষেবা দিতে পারবেন না।

যেসব স্কুল SSO থেকে পরিষেবা ক্রয় করে সেগুলোর কোনো SLT-টিতে স্কুল সাপোর্ট সংগঠনগুলোর (SSO) কর্মীরা পিতামাতা সদস্য (প্যারেন্ট মেম্বার) হিসেবে পরিষেবা দিতে পারবেন না।

C. একটি নতুন স্কুলের জন্য একটি SLT প্রতিষ্ঠা করা

একটি SLT প্রতিষ্ঠা করতে, একটি স্কুলকে অবশ্যই প্রথমে একজন UFT চ্যাপ্টার লিডার (ডিস্ট্রিক্ট UFT প্রতিনিধির সহায়তাসহ) নির্বাচন এবং একটি PA/PTA প্রতিষ্ঠা করতে হবে। চ্যান্সলরের প্রবিধান A-660-এ PA/PTA নির্বাচন প্রক্রিয়া উল্লেখ করা হয়েছে। টাইটেল ওয়ান (I) স্কুলগুলো অবশ্যই একজন টাইটেল ওয়ান PAC চেয়ারপার্সন (সভাপতি)/অল্টারনেট (বিকল্প) নির্বাচন করবে। একবার UFT চ্যাপ্টার লিডার এবং PA/PTA (এবং টাইটেল ওয়ান PAC চেয়ার, যদি প্রযোজ্য হয়) প্রতিষ্ঠিত হয়ে গেলে, স্কুলটিকে অবশ্যই নিচে উল্লিখিত প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

1. PA/PTA প্রেসিডেন্ট অথবা কো-প্রেসিডেন্ট, প্রিন্সিপাল, UFT চ্যাপ্টার লিডার, টাইটেল ওয়ান PAC চেয়ারপারসন/তার বিকল্প কেউ (যদি প্রযোজ্য হয়), অথবা তার দায়িত্ব নিযুক্ত ব্যক্তি, অবশ্যই একসাথে কাজ করবেন SLT-এর জন্য উপবিধি খসড়া করতে যা এই প্রবিধানের সাথে সমঞ্জস্যপূর্ণ। তারপর প্রতিটি গঠিত গ্রুপের দায়িত্ব SLT-এর উপবিধি অনুসারে তাদের সদস্য প্রতিনিধিদের নির্বাচন বা বাছাই করা।
2. এলিমেন্টারি স্কুল, মিডল্/ইন্টারমিডিয়েট স্কুল, ডিস্ট্রিক্ট 75 এবং ডিস্ট্রিক্ট 79, টিমের আবশ্যিক সদস্যগণ এই প্রক্রিয়ার মাধ্যমে (এখানে সেকশন II.H. দেখুন) টেকনিক্যাল সহায়তা এবং নির্দেশনার জন্য DOE প্যারেন্ট কোঅর্ডিনেটর, প্রেসিডেন্টস্ কাউন্সিলের পাশাপাশি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট সুপারিনটেনডেন্টের অফিসের সাথে যোগাযোগ করতে পারে।
3. হাই স্কুলগুলিতে, টেকনিক্যাল সহায়তা এবং নির্দেশনার জন্য টিমের আবশ্যিক সদস্যগণ DOE প্যারেন্ট কোঅর্ডিনেটর, বরো হাই প্রেসিডেন্টস্ কাউন্সিলের পাশাপাশি হাই স্কুল সুপারিনটেনডেন্টের অফিসে যোগাযোগ করতে পারেন।
4. পুরো SLT প্রতিষ্ঠিত হবার পর, এটি অবশ্যই টিমের উপবিধি (বাই-ল্য) পর্যালোচনা এবং গ্রহণ করবে, এবং প্রয়োজনবোধে ঐ উপ-বিধিসমূহ সংশোধন করতে পারে।

D. SLT সদস্যদের নির্বাচন

1. পিতামাতা ও কর্মকর্তাগণ

   যাতে এটি নিশ্চিত করা যায় যে, স্কুল কম্যুনিটির সকল সদস্যদের অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ রয়েছে এবং SLT-তে তাদেরকে অধিক অংশগ্রহণে উৎসাহিত করার জন্য পিতামাতা ও স্টাফদেরকে তাদের নিজ নিজ অংশগ্রহণকারী গ্রুপ থেকে অবাধ ও একটি নিরপেক্ষ নির্বাচনে নির্বাচিত হয়ে আসতে হবে, এবং সকল নির্বাচন অবশ্যই ব্যাপকভাবে প্রচারিত হবে, যৌক্তিক অগ্রিম নোটিস প্রদান করে। নির্বাচনগুলি অবশ্যই গঠনকারী গ্রুপের সকল সদস্যের জন্য (যেমন, PA/PTA, CSA, UFT, DC 37, শিক্ষার্থী, এবং কমিউনিটি ভিত্তিক সংগঠন (CBO), যেমনভাবে প্রযোজ্য) উন্মুক্ত হবে এবং অবশ্যই টিমের উপবিধিতে উল্লিখিত মেয়াদের সীমা অনুযায়ী হবে।

   PA/PTA-এর নির্বাচনের কমপক্ষে দশ ক্যালেন্ডার দিবস আগে অবশ্যই সেটির SLT পিতামাতা সদস্যদেরকে (প্যারেন্ট মেম্বার) নোটিস পাঠানো আবশ্যিক। PTA-এর ক্ষেত্রে, শুধুমাত্র স্কুলের অ্যাসোসিয়েশনের পিতামাতা সদস্যগণ SLT-এর জন্য পিতামাতা প্রতিনিধিদের নির্বাচন করতে ভোট দিতে সক্ষম হবে। PA/PTA-গুলিকে SLT-এর নন-আবশ্যিক প্যারেন্ট সদস্যদের মেয়াদ ধাপে ধাপে নির্ধারণে উৎসাহিত করা হয়।

   SLT নির্বাচনগুলো অবশ্যই PA/PTA নির্বাচনের পরে অনুষ্ঠিত হতে হবে। PA/PTA-এর আবশ্যিক অফিসার পদের নির্বাচনের পর, একই মিটিংয়ে SLT নির্বাচনগুলো করা যেতে পারে।

PA/PTA নির্বাচনগুলোর মতোই SLT নির্বাচনগুলো একই প্রক্রিয়া অনুসরণ করে হওয়া উচিত। (চ্যান্সলরের প্রবিধান A-660 দেখুন)।

2. শিক্ষার্থীবৃন্দ

প্রতিটি মিডল্ এবং হাই স্কুল SLT অবশ্যই ন্যূনতম দুজন শিক্ষার্থী অন্তর্ভুক্ত করবে; 6-12 গ্রেডের স্কুলগুলোতে অবশ্যই একজন মিডল্ স্কুল শিক্ষার্থী এবং একজন হাই স্কুল শিক্ষার্থী থাকবে।

এলিমেন্টারি স্কুল এবং K-8 গ্রেডের স্কুলগুলোকে উৎসাহিত করা হয় তবে SLT-তে শিক্ষার্থী অন্তর্ভুক্ত করা আবশ্যক নয়। SLT-তে শিক্ষার্থী সদস্যদের নির্বাচন শিক্ষার্থী পরিষদ (স্টুডেন্ট গভর্নমেন্ট) কর্তৃক অনুষ্ঠিত হবে। যদি স্কুলে কোনো শিক্ষার্থী পরিষদ (স্টুডেন্ট গভর্নমেন্ট) না থাকে, তবে প্রিন্সিপাল শিক্ষার্থী সদস্যদের বাছাই করবেন।

3. CBO-সমূহ

যদি স্কুলটি CBO অংশিদার প্রতিষ্ঠা করে থাকে, তাহলে স্কুলটি ঐ CBO-কে SLT-এর একটি আসনের জন্য একজন অনাবশ্যক সদস্য হিসেবে আমন্ত্রণ জানাতে পারে। CBO-টি তাদের সংগঠনের একজন সদস্যকে SLT-তে অংশগ্রহণের জন্য নিয়োগ দিতে পারে।

E. SLT কর্মকর্তাদের নির্বাচন

1. চেয়ারপার্সন (সভাপতি)/কো-চেয়ারপার্সন (সহ-সভাপতি)

একটি টিম গঠিত হবার পর, সেটি অবশ্যই তাদের সদস্যদের মধ্য থেকে একজন চেয়ারপার্সন (সভাপতি) অথবা কো-চেয়ারপার্সন (সহ-সভাপতি) নির্বাচিত করবে। SLT-তে অংশগ্রহণ সর্বোচ্চ করার উদ্দেশ্যে SLT-গুলো চেয়ারপার্সন (সভাপতি) অথবা কো-চেয়ারপার্সনের (সহ-সভাপতি) মতো আবশ্যিক নন এমন সদস্যদের নির্বাচন করতে পারে। SLT চেয়ারপার্সন (সভাপতি) অথবা কো-চেয়ারপার্সন (সহ-সভাপতি) সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা নির্বাচিত হয়

চেয়ারপার্সন(গণ) মিটিংয়ের সময়সূচি তৈরি করতে, টিমের সদস্যগণ যাতে তাদের পরিকল্পনা প্রণয়নে প্রয়োজনীয় তথ্য পায় সেটি নিশ্চিত করতে, স্কুলের গুরুত্বপূর্ণ শিক্ষাগত বিভিন্ন সমস্যায় টিম বা দলের মনোনিবেশ ঘটাতে দায়িত্বপ্রাপ্ত। চেয়ারপার্সন (সভাপতি) দলের সকল সদস্যের বক্তব্যের গুরুত্ব দেয়া হয় তা নিশ্চিত করেন।

2. সেক্রেটারি

প্রতিটি SLT অবশ্যই একজন SLT সদস্যকে সেক্রেটারি হিসেবে পরিষেবা দেয়ার জন্য নির্বাচিত করবে। SLT সেক্রেটারি সংখ্যাগরিষ্ঠ ভোটের দ্বারা নির্বাচিত হয়। সেক্রেটারি SLT-এর মিটিং সংক্রান্ত বিজ্ঞপ্তি পাঠানোর জন্য এবং SLT মিটিংয়ের কার্যবিবরণী সংরক্ষণের জন্য দায়িত্বপ্রাপ্ত। মাসিক মিটিংয়ের নোটিস, আলোচ্যসূচি, উপস্থিতির শিট. বিতরণকৃত সামগ্রী এবং সম্পর্কিত কাগজপত্র, এবং কার্যবিররণী অবশ্যই DOE-র আইপ্ল্যান পোর্টালে (www.iplanportal.com) অথবা যেকোনো পরবর্তীতে প্রাপ্ত পোর্টালে আপলোড করতে হবে আগামী মাসের মিটিং শেষ হবার আগে, এবং এর একটি কপি PA/PTA-কে প্রদান করতে হবে এবং মূল নথিটি স্কুলের ফাইলে সংরক্ষিত থাকবে 7 বছর সময়ের জন্য। স্কুলের প্রিন্সিপাল অফিসের একজন স্টাফ সদস্যকে SLT সেক্রেটারিকে সহায়তার দায়িত্ব দিতে পারেন।

F. SLT উপবিধি (বাই-ল্য)

1. প্রত্যেকটি SLT-টি অবশ্যই SLT দায়িত্ব সম্পর্কে স্পষ্ট নির্দেশনা প্রদান করতে উপবিধি তৈরি করবে। SLT উপবিধি অবশ্যই এই প্রবিধানের সামঞ্জস্যপূর্ণ হবে। যেক্ষেত্রে SLT-এর উপবিধিতে (বাই-ল্য) এমন কোনো ধারা থাকে যার সাথে এই প্রবিধান সাংঘর্ষিক, সেক্ষেত্রে:
    - সেই ধারাটি অযোগ্য ও বাতিল বিবেচিত হবে, এবং এই প্রবিধানের ধারা নিয়ন্ত্রণকারী ধারা হিসেবে বিবেচিত হবে।
    - এই ধারাটি যেকোনো SLT সদস্যদের প্রস্তাব দ্বারা যেকোনো SLT মাসিক মিটিংয়ে সংশোধন করা যেতে পারে।
    - অন্য সকল বিদ্যমান ধারাগুলো যা এই প্রবিধানের সাথে সাংঘর্ষিক নয়, সেগুলো পূর্ণমাত্রায় কার্যকর থাকবে।
2. উপবিধিসমূহে দলীয় সদস্যপদ ও SLT পরিচালনা সম্পর্কিত মুখ্য সিদ্ধান্তগুলি অন্তর্ভুক্ত থাকা উচিত এবং নিম্নোক্ত ক্ষেত্রসমূহ অবশ্যই উল্লেখ করতে হবে:
    - দলীয় সদস্যগণ এবং চেয়ারপার্সনের (সভাপতি) ভূমিকা;
    - দলের গঠন;
    - মিটিংগুলোর বিন্যাস (ফর্ম্যাট), যা NYS উন্মুক্ত সভা সংক্রান্ত আইনের (ওপেন মিটিং ল্য, OML) শর্তাবলী অনুযায়ী হবে।
    - OML অনুযায়ী কোরাম;
    - পিতামাতা এবং কর্মী সদস্যদের নির্বাচন পদ্ধতি;
    - চেয়ারপার্সন (সভাপতি) বাছাই পদ্ধতি;
    - CBO-সমূহ এবং শিক্ষার্থী সদস্য বাছাইয়ের পদ্ধতি, যেখানে প্রযোজ্য;
    - মেয়াদের দৈর্ঘ্য (দুই বছর);
    - মেয়াদের সীমা (অর্থাৎ এমন একটি সময়সীমা যা X#-গুলো ধারাবাহিক মেয়াদ অতিক্রম করবে না, যদি অন্য কেউ প্রতিযোগিতা না করে, অথবা মেয়াদের সীমা উল্লেখ না করা হয়);
    - চেয়ারপার্সন (সভাপতি) এবং দলীয় সদস্যদের অপসারণের প্রক্রিয়া এবং কারণ;
    - সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি এবং যদি টিম বা দলের মাঝে দ্বন্দ্ব নিরসনের প্রয়োজন হয়, সেক্ষেত্রে কী প্রক্রিয়া অনুসরণ করা হবে:
    - শূন্য পদসমূহ পূরণ করা;
    - মিটিং চলাকালে পর্যবেক্ষকদের ভূমিকা;
    - মিটিংয়ে কারা কথা বলতে পারে;
    - আলোচ্যসূচি কীভাবে ধার্য হয়;
    - টিম বা দলটি প্রতি শিক্ষা বছরে অবশ্যই কমপক্ষে দশ বার মিলিত হবে;
    - কতগুলো মিটিংয়ে অনুপস্থিত থাকা যাবে, এবং নির্দেশিত সংখ্যার বেশি মিটিং অনুপস্থিত থাকার ফলাফল;
    - আবশ্যিক-নয় এমন পিতামাতা সদস্যের মেয়াদ ধারাবাহিকভাবে ধার্য করা যাবে কিনা; এবং
    - একজন সেক্রেটারি আছেন।
3. SLT-সমূহের তাদের উপবিধির মাধ্যমে আবশ্যিক হতে পারে যে তারা অন্য স্কুল কমিটিগুলির সাথে বসুক এবং সমন্বয় রাখুক এটি নিশ্চিতকরণের লক্ষ্যে যাতে সকল স্কুল-ভিত্তিক কমিটিগুলি

CEP-তে বর্ণিত একই লক্ষ্যে কাজ করুক যেমন প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট টিচার অ্যাসোসিয়েশন (PA/PTA), এবং টাইটেল ওয়ান প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিল (PAC)

4. SLT উপবিধিগুলো দলীয়ভাবে কমপক্ষে দ্বিবার্ষিকভাবে পর্যালোচিত হওয়া উচিত। প্রতিটি SLT প্রিন্সিপালের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির মাধ্যমে, অবশ্যই তাদের সদস্যদের নাম এবং যোগাযোগের তথ্য এবং তাদের বর্তমান উপবিধির একটি কপি DLT এবং সুপারিনটেনডেন্টের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির কাছে 31 অক্টোবরের মধ্যে প্রদান করবে। এছাড়া, SLT সদস্যদের নাম এবং যোগাযোগের তথ্য অবশ্যই DOE-র স্টুডেন্ট প্যারেন্ট লিডারশিপ কন্ট্যাক্ট ইনফরমেশন (SPLCI) পোর্টালে আপলোড করতে হবে। SLT-এর উপবিধিসমূহ অবশ্যই DOE-এর আইপ্ল্যান পোর্টালে আপলোড করতে হবে। যদি SLT তার উপবিধিসমূহে কোনো পরিবর্তন করে অথবা সদস্যপদে কোনো পরিবর্তন হয়, তবে পরিবর্তনের বিজ্ঞপ্তি অবশ্যই আইপ্ল্যান পোর্টালে আপলোড করতে হবে।

G. SLT মিটিংসমূহ

1. সময়সূচিকৃত মিটিংসমূহ

SLT-সমূহ প্রতি শিক্ষা বছরে মাসে ন্যূনতম একবার মিলিত হবে এবং এতে সামার মিটিংগুলোও অন্তর্ভুক্ত, যদি তা SLT-এর উপবিধিতে অন্তর্ভুক্ত থাকে। মিটিংগুলি অবশ্যই স্কুলে অথবা DOE-এর প্রাঙ্গণে অনুষ্ঠিত হবে এবং পিতামাতা সদস্যদের (দিনে অথবা সন্ধ্যায়) সুবিধাজনক সময় অনুযায়ী সময়সূচি করা হবে, তবে সেগুলো শিক্ষা-নির্দেশনা দেয়ার সময় নয়।

আবশ্যিক সদস্যগণ অথবা তাদের দায়িত্বে নিযুক্ত ব্যক্তিগণ সকল SLT মিটিংয়ে যোগদান করবেন বলে প্রত্যাশিত।

2. OML শর্তসমূহ

SLT মিটিংগুলি NYS-এর উন্মুক্ত সভা সংক্রান্ত আইনের (ওপেন মিটিংস ল্য) শর্তাধীন এবং এর ফলে SLT-গুলো অবশ্যই সকল প্রযোজ্য OML শর্তাবলী মেনে মিটিং পরিচালনা করবে। এতে অন্তর্ভুক্ত কিন্তু এটিতেই সীমিত নয় মিটিং পরিচালনা সময় ভিডিওকনফারেন্সিংয়ের ব্যবহার এবং সকল নোটিসের শর্ত পূরণ।

3. কার্যবিবরণী

প্রতিতি মিটিংয়ের উপস্থিতি এবং কার্যবিবরণীর অবশ্যই সংরক্ষণ করতে হবে। SLT মিটিংয়ের কার্যবিবরণী স্কুলে অবশ্যই সংরক্ষিত থাকবে এবং DOE-এর আইপ্ল্যান পোর্টালে (www.iplanportal.com) আপলোড করা হবে। SLT মিটিংগুলোর কার্যবিবরণী অবশ্যই প্রতিটি মিটিং অনুষ্ঠিত হবার দুই সপ্তাহের মধ্যে স্কুল কমিউনিটির কাছে লভ্য করতে হবে।

H. প্রতিমাসের SLT ক্যালেন্ডার

SLT-এর প্রতিমাসের ক্যালেন্ডারে উল্লিখিত থাকে আবশ্যিক মাসিক পদক্ষেপসমূহ যেগুলিতে SLT-সমূহ সংশ্লিষ্ট থাকবে - এটি নিশ্চিতকরণের জন্য যেন সকল স্বার্থসংশ্লিষ্টদের সাথে, CEP, প্যারেন্ট এবং ফ্যামিলি এনগেজমেন্ট পলিসি, এবং স্কুল-প্যারেন্ট চুক্তির যৌথ প্রণয়ন এবং পর্যালোচনায়, পরামর্শ এবং সহযোগিতা করা হয়। SLT-গুলির তাদের মাসিক মিটিং সহজীকরণে ক্যালেন্ডার ব্যবহার এবং প্রয়োজন অনুযায়ী বাড়তি আলোচ্যসূচির বিষয় অন্তর্ভুক্ত করা উচিত।

I. SLT সদস্যের পারিশ্রমিক

বার্ষিক $300 পারিশ্রমিক লাভের যোগ্য হতে, SLT সদস্যগণ, এর অন্তর্ভুক্ত শিক্ষার্থী এবং CBO প্রতিনিধিগণ, অবশ্যই প্রতি বছর অনুমোদিত SLT কর্মকাণ্ডের 30 ঘণ্টা পূরণ করবে এবং CEP এবং বাজেট বিষয় সম্পর্কিত একটি আবশ্যিক ট্রেনিং সেশনে যোগদান করবে, যে ট্রেনিংটি ডিপার্টমেন্ট এডুকেশন (DOE) কর্তৃক অফার করা হয়। দলের সদস্যদের মধ্যে যারা প্রশিক্ষণে অংশগ্রহণ করবেন কিন্তু 30 ঘণ্টার কম পরিষেবা দেবেন, তারা সমানুপাত ভিত্তিতে ভাতার জন্য অনুরোধ করতে পারেন।

SLT সদস্যগণ অর্থ বছরের শুরু, যা 1 জুলাই থেকে আরম্ভ হয়ে পরবর্তী বছরের 30 জুনে শেষ হয়-সেই সময়ের মধ্যে তাদের পূরণ করতে সক্ষম হবেন। দলের সদস্যদের জন্য পারিশ্রমিকের সকল অনুরোধ জম দেয়ার শেষ সময়সীমা হলো শিক্ষা বছরের শেষ দাপ্তরিক (অফিশিয়াল) দিন। SLT-গুলো, যেগুলো গ্রীষ্মকালীন মাসগুলোতে মিটিং করতে সম্মত, যেমনটি তাদের উপবিধিতে নথিভুক্ত, তারা সদস্য ভাতার জন্য বাড়তি অর্থ বরাদ্দ করতে পারে। নিয়মিত শিক্ষা বছরে যেসব SLT সদস্য ইতোমধ্যে 30 ঘণ্টা পূরণ করেছে তারা সামার মাসগুলিতে বাড়তি SLT পরিষেবার জন্য ভাতা লাভে যোগ্য হতে পারে যা হবে প্রতি ঘণ্টায় $10.00 হারে প্রতি সদস্যের জন্য সর্বোচ্চ ঘণ্টা।

দলের সদস্যগণ যত ঘন্টা পরিষেবা দিয়েছে তা নথিভুক্ত সকল রেকর্ড প্রক্রিয়াকরণের জন্য চেয়ারপার্সনের (সভাপতি) কাছে জমা দেয়া হয়েছে, তা নিশ্চিত করার জন্য দায়বদ্ধ।

সদস্যগণ প্রত্যেকে আলাদাভাবে অবশ্যই বার্ষিক ভাতা গ্রহণ না পরিত্যাগ করে স্কুলের অন্য কাজে ব্যবহারে সেটি তার নিজ সিদ্ধান্ত। টিমের উপবিধি কোনো নির্দিষ্ট পছন্দ নিয়ন্ত্রণ করে না।

J. SLT-এর অধিকারসমূহ এবং দায়-দায়িত্ব

1. কম্প্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (সামগ্রিক শিক্ষা পরিকল্পনা) এবং স্কুল-ভিত্তিক বাজেট

   স্টেট এডুকেশন আইনের সেকশন 2590-h অনুযায়ী, স্কুলের নেতৃত্বদানকারী দলের (স্কুল লিডারশিপ টিম, SLT) দায়িত্ব হলো প্রত্যেক শিক্ষা বছরে স্কুল-ভিত্তিক বাজেটের সঙ্গে সঙ্গতি রেখে একটি স্কুলের সমন্বিত শিক্ষাগত পরিকল্পনা (স্কুল কমপ্রিহেনসিভ এডুকেশনাল প্ল্যান, CEP) প্রণয়ন করা। স্কুল-ভিত্তিক বাজেট একটি আর্থিক মাপকাঠি প্রদান করে যার মধ্যে SLT শিক্ষার্থীদের চাহিদা পূরণে এবং স্কুলের শিক্ষাগত প্রোগ্রাম পরিকল্পনার উদ্দেশ্যে বিভিন্ন লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করে।

   স্কুল-ভিত্তিক বাজেট তৈরির পাশাপাশি CEP তৈরি করা হবে যাতে এটি বাজেট তৈরিতে সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়াটি অবহিত করতে পারে এবং এর ফলে CEP ও বাজেটে সামঞ্জস্য হয়। প্রিন্সিপাল, যিনি স্কুল-ভিত্তিক বাজেট তৈরির জন্য দায়বদ্ধ, তিনি CEP-র সাথে বাজেট যেন সামঞ্জস্যপূর্ণ হয় তা নিশ্চিত করতে এই প্রণয়ন প্রক্রিয়ার সময় SLT-টির সাথে পরামর্শ করবেন। প্রিন্সিপাল স্কুল-ভিত্তিক বাজেট সংক্রান্ত বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন।

   CEP এবং স্কুল-ভিত্তিক বাজেটের সমন্বয় নিশ্চিত করতে, যেকোনো SLT সদস্য (SLT-এর পক্ষ হয়ে) গ্যালাক্সি টেবল অভ অর্গেনাইজেশন রিপোর্ট যার টাইটেল “পাবলিক/SLT ভিউ” (কর্মস্থানের ID এবং গোপনীয় তথ্য সম্পাদনাসহ) প্রতি সেমেস্টারে দুই বার অনুরোধ জানাতে পারে এবং, তার প্রতিউত্তরে এই রিপোর্ট প্রিন্সিপাল 5 স্কুল দিবসের মধ্যে পাঠাবেন। এছাড়া, যেকোনো SLT সদস্য DOE ওয়েবসাইট থেকে গ্যালাক্সি বাজেট বরাদ্দসমূহও পেতে পারেন, যা নতুন অর্থ বছরে যখন এই বরাদ্দ দেয়া হয় তখন পোস্ট করা হয়, এবং এর সাথে গ্যালাক্সি টেবল অভ অর্গেনাইজেশন সামারি রিপোর্টস্, যা প্রতি শিক্ষা বছরের শুরুতে পোস্ট করা হয়।

2. স্কুল-ভিত্তিক বাজেট জমাদান এবং চূড়ান্তকরণ

প্রিন্সিপাল অবশ্যই স্কুল-ভিত্তিক বাজেটটি. যে CEP-এর সাথে সমন্বিত সেই যুক্তসঙ্গতার লিখিত ব্যাখ্যাসহ প্রস্তাবিত স্কুল-ভিত্তিক বাজেটটি SLT-টি এবং কমিউনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে জমা দেবেন। যুক্তিসঙ্গতা লিখিতভাবে জমাদান কোন ধরনে ও উপায়ে হবে তা সুপারিনটেনডেন্ট নির্ধারণ করবেন।

যদি SLT সদস্যগণ (প্রিন্সিপাল ভিন্ন অন্য কেউ) সম্মত হন যে, স্কুল-ভিত্তিক বাজেট CEP-এর সাথে সমন্বিত, সেক্ষেত্রে SLT-কে প্রিন্সিপালের যুক্তিসঙ্গতার উত্তর জমা দিতে হবে না। যদি, তবুও, SLT সদস্যগণ (প্রিন্সিপাল ভিন্ন অন্য কেউ) একটি ঐকমত্যে পৌঁছেন যে, তারা প্রিন্সিপালের যুক্তিসঙ্গতার সাথে অসম্মত যে, স্কুল-ভিত্তিক বাজেট CEP-এর সাথে সমন্বিত এবং প্রিন্সিপালের প্রস্তাবিত বাজেট CEP-এতে বর্ণিত লক্ষ্য এবং নীতির সাথে অসামঞ্জস্যপূর্ণ, তাহলে SLT যুক্তিসঙ্গতার একটি লিখিত উত্তর কমিউনিটি বা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে 10 স্কুল দিবসের মধ্যে পাঠাতে পারেন।

যদি SLT-এর সদস্যগণ (প্রিন্সিপাল ভিন্ন অন্য কেউ) কোনো উত্তর জমা দেন, তাহলে কমিউনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্ট SLT-কে একটি লিখিত উত্তর প্রদান করবেন যা উত্তর পাওয়ার 10 স্কুল দিবসের মধ্যে হবে। সুপারিনটেনডেন্টের উত্তরে এই বিবাদ যে স্কুল-ভিত্তিক বাজেট CEP-এর সাথে সমন্বিত কিনা, সেবিষয়টির একটি সিদ্ধান্ত অন্তর্ভুক্ত থাকবে, পর্যালোচিত তথ্যের বিবরণ, এবং সিদ্ধান্তের ভিত্তি। এই সিদ্ধান্ত পাওয়ার পর, প্রিন্সিপাল অবশ্যই অতিসত্বর স্কুল-ভিত্তিক বাজেট সংশোধন করবেন এবং/অথবা SLT অবশ্যই CEP সংশোধন করবে, যেমনটি প্রযোজ্য, যা হবে সুপারিনটেনডেন্টের উত্তরের নির্দেশনা অনুযায়ী।

চূড়ান্তটি করতে, স্কুল-ভিত্তিক বাজেট অবশ্যই কমিউনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্ট কর্তৃক অনুমোদিত হতে হবে, যিনি অবশ্যই আনুষ্ঠানিক স্বীকৃতি দেবেন যে বাজেটটি CEP-এর সাথে সমন্বিত।

চূড়ান্ত CEP এবং স্কুল-ভিত্তিক বাজেট DOE অথবা স্কুলের প্রাতিষ্ঠানিক ওয়েবসাইটে পোস্ট করার পাশাপাশি যথাযথ সেন্ট্রাল পোর্টালেও জমা দেয়া হবে, এবং হয় একটি কাগজের কপি নয়তো ইলেক্ট্রনিক কপি প্রত্যেক SLT সদস্যকে প্রদান করা হবে।

3. সর্বসম্মতির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ

- SLT অবশ্যই সর্বসম্মতির-ভিত্তিতে গৃহীত সিদ্ধান্তটি ব্যবহার করবে এবং যদি CEP বিষয়ে ঐকমত্যে পৌঁছুতে সক্ষম না হয়, তাহলে অবশ্যই সহায়তা চাইবে। যদি একটি CEP তৈরি যা স্কুল-ভিত্তিক বাজেটের সাথে সমন্বিত - এই বিষয়টিতে সর্বোসম্মতিতে পৌঁছুতে সক্ষম না হওয়া যায়, SLT সহায়তা চাইবে ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমের (DLT) কাছে এবং যদি সেটি সফল না হয়, তাহলে এটি সহায়তা চাইবে কমিউনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে।
- SLT সদস্যগণ, প্রিন্সিপাল ব্যতিরেকে, যেকোনো সিদ্ধান্ত যা প্রিন্সিপাল গ্রহণ করেছেন সেটিতে মতানৈক্য পোষণ করতে পারেন যেখানে SLT সদস্যগণ (প্রিন্সিপাল ব্যতিরেকে) একটি ঐকমত্যে পৌঁছেন যে, সিদ্ধান্তটি স্কুলের বিদ্যমান CEP-তে বর্ণিত লক্ষ্য এবং নীতির সাথে অসামঞ্জস্যপূর্ণ, তাহলে তারা একটি লিখিত অভিযোগ কমিউনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টে কাছে জমা দিতে পারেন।

- কমিউনিটি ও হাই স্কুল সুপারিনটেনডেন্ট SLT-এর সদস্যদের ঐক্যমত্যে পৌঁছাতে সহায়তা দিতে চেষ্টা করবেন। যদি এই ধরনের সহায়তা চাওয়া এবং পাওয়ার পরও, SLT যদি তারপরও CEP বিষয়ে ঐকমত্যে পৌঁছুতে সক্ষম না হয়, তখন সুপারিনটেনডেন্ট CEP তৈরি সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্ত নেবেন। তবে সুপারিনটেনডেন্টের CEP সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ শুধুমাত্র শেষ অবলম্বন হিসেবে গৃহীত হবে, যখন SLT-এর সদস্যদের মধ্যে ঐকমত্য প্রতিষ্ঠার উপরোল্লিখিত সকল প্রচেষ্টা ব্যর্থ হয়ে যাবে।
- সুপারিনটেনডেন্ট SLT এবং প্রিন্সিপালের কাছে একটি লিখিত উত্তর দেবেন প্রাথমিক অভিযোগ পাওয়ার 10 স্কুল দিবসের মধ্যে, যে উত্তরটিতে পর্যালোচিত তথ্যের একটি বিবরণ এবং বিবাদ সম্পর্কিত সুপারিনটেনডেন্টের সিদ্ধান্তের ভিত্তি অন্তর্ভুক্ত থাকবে।

4. C-30 পরামর্শ

SLT স্কুলের স্টাফ নিয়োগ বা বরখাস্ত করার জন্য দায়িত্বপ্রাপ্ত নয়। তবে, চ্যান্সেলরের প্রবিধান C-30 অনুযায়ী অবশ্যই স্কুলে প্রিন্সিপাল বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপালের প্রার্থী নিয়োগের আগে SLT -এর সাথে কথা বলতে হবে।

SLT সদস্যগণ চ্যান্সেলরের প্রবিধান C-30-তে উল্লিখিত শর্তাবলীর অনুবর্তিতায় লেভেল ওয়ান (I) C-30 কমিটিতে পরিষেবা দেয়ার যোগ্য। তবে, যদি SLT থেকে লেভেল ওয়ান (I) কমিটিতে কাজ করার জন্য কোনো পিতামাতা না পাওয়া যায়, তাহলে লেভেল ওয়ান (I) কমিটির চেয়ারপারসন স্কুলের PA/PTA-এর কর্মকর্তাদেরকে কাজ করার প্রস্তাব দেবেন।

5. বার্ষিক মূল্যায়ন

সকল SLT সদস্য (প্রিন্সিপাল ব্যতিরেকে) অবশ্যই কমিউনিটি ডিস্ট্রিক্ট বা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে সংশ্লিষ্ট বছরের SLT-এর সদস্যদের মধ্যে একটি কার্যকর, সম্মিলিত সিদ্ধান্ত-গ্রহণমূলক সম্পর্ক বিষয়ক প্রিন্সিপালের রেকর্ডের উপর বার্ষিক প্রতিবেদন জমা দেবে। প্রিন্সিপাল ফর্মের স্কুল লিডারশিপ টিম (SLT) মূল্যায়ন কমিউনিটি ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে SLT-এর চূড়ান্ত মিটিং জুনের আগে জমা দিতে হবে। কমিউনিটি ডিস্ট্রিক্ট অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্ট অবশ্যই শিক্ষা বছরের শেষ দিনের মধ্যে সকল বার্ষিক মূল্যায়ন প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবেন।

6. স্কুল ব্যবহারের প্রস্তাবসমূহ

সুপারিনটেনডেন্ট স্কুলের জন্য যেকোনো স্কুল-পুনর্গঠন সম্পর্কিত বিষয় SLT-এর সাথে পরামর্শ করবেন। কোনো একটি স্কুল বন্ধ অথবা স্কুল ব্যবহারের উল্লেখযোগ্য পরিবর্তনের সকল প্রস্তাবের বিষয়ে, স্কুলে অনুষ্ঠিত যৌথ পাবলিক শুনানিতে SLT অংশগ্রহণ করবে। চ্যান্সেলরের প্রবিধান A-190 দেখুন। স্কুল পুনর্গঠন সম্পর্কিত আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে অফিস অভ ডিস্ট্রিক্ট প্ল্যানিং-এর সাথে ODPOperations@schools.nyc.gov ঠিকানায় যোগাযোগ করুন।

7. বিল্ডিং/ক্যাম্পাস কাউন্সিলসমূহ

যেসব বিল্ডিংয়ে একাধিক স্কুল অবস্থিত, সেসব স্থানের SLT-গুলোকে পারস্পরিক উদ্বেগের বিষয়গুলি আলোচনা করতে বছরে অন্তত দুইবার অলোচনায় বসতে উৎসাহিত করা হয়। স্কুল পরিকল্পনা এবং পর্যালোচনা দলে তার ভূমিকা হিসেবে, SLT হলো স্কুলের কেন্দ্রীয় সমন্বয়কারী টিম, এবং এর উচিত বিল্ডিংয়ে অবস্থিত কমউনিটিগুলির মাঝে যোগাযোগ সহজীকরণে সহায়তা প্রদান করা (যেমন চ্যান্সেলরে প্রবিধান A-414-এর অধীনে স্কুল সেফটি কমিটি)

8. কমিউনিটি এবং সিটিওয়াইড এডুকেশন কাউন্সিল

   কমিউনিটি এডুকেশন কাউন্সিলের (CEC) সদস্যগণ তাদের নিজস্ব কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টের স্কুলগুলোর SLT-তে লিঁয়াজো পদে কাজ করেন। সিটিওয়াইড কাউন্সিল অন হাই স্কুল (CCHS) সদস্যগণ সিস্টেমব্যাপী হাই স্কুলগুলির জন্য একই দায়িত্বে কাজ করে, যেমনটি প্রতিটি CEC-এর আসন সদস্যগণ ডিস্ট্রিক্ট 75 স্কুলগুলির ক্ষেত্রে করে। এই লিঁয়াজো বিষয়ক কার্যকলাপের মধ্যে রয়েছে পর্যবেক্ষক এবং/অথবা উপস্থাপক হিসেবে মিটিংগুলিতে যোগদান এবং SLT সদস্যদের আমন্ত্রণে SLT কমিটি এবং সাবকমিটিগুলোতে অংশগ্রহণ।

9. পিতামাতাদের সাথে পরামর্শ

   ফেডারেলের শর্ত পূরণ করতে, যেমনটি এলিমেন্টারি এবং সেকেন্ডারি এডুকেশন আইনে (ESEA) বর্ণিত, সম্প্রতি যা এভরি স্টুডেন্ট সাকসিডস্ অ্যাক্ট (ESSA) হিসেবে পুনরায়-অনুমোদিত হয়েছে, স্কুল এবং ডিস্ট্রিক্ট লিডারশিপ টিমগুলো ফেডারেল পরিশোধের তহবিল (যেমন, টাইটেল ওয়ান অনুদানের অর্থ) এবং প্রোগ্রাম পরিকল্পনা ব্যবহারে পিতামাতা প্রতিনিধিদের সাথে পরামর্শের বাহন হিসেবে পরিষেবা প্রদান করবে। এই আবশ্যিক পরামর্শ যে করা হয়েছে সেটি যাচাই করার জন্যে স্কুল এবং ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম প্রামাণ্য নথি ফাইলে সংরক্ষণ করবে।

10. সিদ্ধান্ত গ্রহণ/সমস্যা সমাধান

    SLT-গুলো সকল CEP এবং বাজেট সম্পর্কিত বিষয়ে তাদের সিদ্ধান্ত গ্রহণের পন্থা হিসেবে অবশ্যই একটি সর্বসম্মতি-ভিত্তিক সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়া ব্যবহার করবে। সকল বিষয়ে সর্বসম্মতিতে পৌঁছার সর্বোচ্চ প্রচেষ্টা করা উচিত, কিন্তু প্রশাসনিক বিষয়সমূহ সংখ্যাগরিষ্ঠ ভোটে অনুমোদিত হতে পারে (যেমন উপবিধি গ্রহণ এবং সংশোধন, মিটিংগুলির সময়সূচি তৈরি, কার্য-বিবরণীর অনুমোদন, কর্মকর্তা নির্বাচন) টিমগুলোকে অবশ্যই সহযোগিতামূলকভাবে সমস্যা সমাধান ও সমাধান অন্বেষণের উপায় এবং যখন প্রয়োজন, কার্যকর দ্বন্ধ নিরসনের কৌশল তৈরি করতে হবে।

    যখন কোনো টিম একটি সমস্যা সমাধানের সর্বাত্মক প্রচেষ্টা করেছে এবং সদস্যগণ সম্মতিতে পৌঁছুতে পারেনি, তখন টিমকে DLT-এর কাছ থেকে সহায়তা চাইতে হবে। DLT সহায়তার অনুরোধ পাবার পর, তাদের জবাব দেয়ার জন্য দশ দিন থাকবে। যদি DLT দশ দিনের মধ্যে উত্তর না দেয় অথবা তাদের উত্তর SLT কর্তৃক গৃহীত না হয়, তবে SLT কমিউনিটি অথবা হাই স্কুল সুপারিনটেনডেন্টের কাছে সহায়তা চাইবে।

    যখন টিম বা দলের সদস্যগণ স্কুলের প্রিন্সিপালের কাছ থেকে তথ্য পেতে অথবা তার সাথে পরামর্শ করতে সমস্যার মুখোমুখি হন এবং সমাধানে সহায়তা পেতে চান, তখন তারা DLT অথবা সুপারিনটেনডেন্ট অথবা নিয়োজিত কেন্দ্রীয় স্টাফের কাছে সহায়তা চাইতে পারেন।

K. প্রশিক্ষণ এবং সহায়তা

DLT-গুলো SLT-দের পথ-নির্দেশনা প্রদান করবে এবং SLT-গুলোর কাছ থেকে এই প্রবিধানের বাস্তবায়ন সংক্রান্ত অনুসন্ধানের জবাব দেবে।

DLT-গুলো, DOE-এর সেন্ট্রাল অফিস ফর স্কুল লিডারশিপ-এর (ডিভিশন অভ ডেপুটি চ্যান্সেলর) অথবা তার পূর্বসূরি অফিস থেকে সহায়তা নিয়ে SLT-গুলোকে সমন্বিত শিক্ষা পরিকল্পনা (কম্প্রিহেনসিভ এডুকেশন প্ল্যান, CEP) তৈরি এবং টাইটেল ওয়ান (I) প্রোগ্রামের শর্তাবলী বাস্তবায়নে প্রশিক্ষণ প্রদান করবে।

L. ক্ষোভ প্রকাশ এবং অভিযোগ

1. নির্বাচন বিষয়ের বিভিন্ন সমস্যা সম্পর্কিত ক্ষোভ প্রকাশ:

   a. পিতামাতাগণ তাদের সন্তান যে স্কুলে পড়ে সেটির SLT-তে পরিষেবা দেয়ার জন্যে পিতামাতাদের নির্বাচন সম্পর্কে একটি লিখিত অভিযোগ দায়ের করতে পারে। সকল নির্বাচন সংশ্লিষ্ট অভিযোগ:

      i. সুপারিনটেনডেন্টের কাছে অবশ্যই লিখিতভাবে জমা দিতে হবে এবং অভিযোগকারীর(দের) নাম ও তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে এমন একটি ফোন নম্বর অথবা ইমেইল ঠিকানা অবশ্যই থাকতে হবে। বেনামী অভিযোগ এবং সশরীরে উপস্থিত হয়ে অথবা ফোনে দায়ের করা অভিযোগ গৃহীত হবে না।

      ii. নির্বাচন সংক্রান্ত মিটিং অথবা ফলাফল যদি পরে ঘোষিত হয়, তবে তার 5 ক্যালেন্ডার দিবসের মধ্যে অবশ্যই অভিযোগ জমা দিতে হবে।

      iii. এই প্রবিধান অথবা SLT-এর উপবিধিসমূহের কোন নির্দিষ্ট, বাস্তব লঙ্ঘন অবশ্যই অভিযোগে থাকতে হবে।

   b. নির্বাচন সংশ্লিষ্ট অভিযোগের সিদ্ধান্ত

      i. অভিযোগ পাবার 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে, সুপারিনটেনডেন্ট লিখিতভাবে একটি সিদ্ধান্ত জারি করবেন। সুপারিনটেনডেন্ট নির্বাচন সংশ্লিষ্ট অভিযোগ তদন্তে অথবা সিদ্ধান্ত দানে উপযুক্ত গঠিত গ্রুপগুলোর সহায়তা চাইতে পারেন।

      ii. সুপারিনটেনডেন্টের সিদ্ধান্ত অফিস অভ ফ্যামিলি অ্যান্ড কমিউনিটি এমপাওয়ারমেন্ট-এর (FACE) অথবা তার উত্তরসূরি অফিসের কাছে আপিল করা যেতে পারে। সুপারিনটেনডেন্টের সিদ্ধান্ত পাওয়ার 5 দিনের মধ্যে আপিল অবশ্যই লিখিতভাবে জমা দিতে হবে। আপিল পাবার 5 দিনের মধ্যে FACE সুপারিনটেনডেন্টের সিদ্ধান্ত নিশ্চিত করে, বদল করে, অথবা পরিবর্তন করে একটি চিঠি ইস্যু করবে। বদল করা/পরিবর্তন করার কারণসমূহ সীমিত:

         1. এই প্রবিধান অথবা SLT উপবিধিসমূহের কোন ভুল ব্যাখ্যা।
         2. এই প্রবিধানে বর্ণিত অভিযোগ দায়ের প্রক্রিয়া অনুসরণে ব্যর্থতা।
         3. নতুন তথ্য লভ্য হওয়া যে সুপারিনটেনডেন্ট তার সিদ্ধান্ত গ্রহণের সময় লভ্য ছিল না।

      iii. FACE-এর সিদ্ধান্তই চূড়ান্ত এবং বাধ্যবাধকতাযুক্ত। সকল সিদ্ধান্ত অনুরোধক্রমে জনসাধারণের কাছে লভ্য হবে। যখন যথাযথ, ইস্যুকৃত সিদ্ধান্ত থেকে ব্যাক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য বাদ দেয়া হবে।

2. অভিযোগ অথবা বিরোধসমূহ

   নির্বাচনের সাথে সম্পৃক্ত অন্য সকল অভিযোগ, বিরোধ, দ্বন্দ্ব অথবা লঙ্ঘনের সমাধানে SLT-গুলোর অভ্যন্তরীণভাবে কাজ করা উচিত। SLT-কে অবশ্যই অভিযোগ অথবা অভিযুক্ত লঙ্ঘনের বিষয়ে আলোচনা করতে হবে এবং যথাযথ প্রস্তাবের উপর ভোট করতে হবে। যদি তারা

অভ্যন্তরীণভাবে সমাধান করতে সক্ষম না হয়, তাহলে তারা তাদের DLT-এর কাছে সহায়তার অনুরোধ জানাতে পারে।

SLT উপবিধির কোনো লঙ্ঘনের কারণে SLT ভোটের ফলশ্রুতিতে একজন SLT সদস্যকে নিষেধাজ্ঞা দেয়া হলে, সেই SLT সদস্য সুপারিনটেনডেন্টের কাছে আপিল করতে পারেন। SLT ভোটের 5 দিনের মধ্যে সুপারিনটেনডেন্টের কাছে অবশ্যই লিখিতভাবে আপিলটি জমা দিতে হবে এবং অভিযোগকারীর নাম ও এর সাথে তার সাথে যোগাযোগ করা যেতে পারে এমন একটি ফোন নম্বর অথবা ইমেইল ঠিকানা অবশ্যই সেখানে থাকতে হবে। এই প্রবিধান অথবা SLT-এর উপবিধিসমূহের কোনও নির্দিষ্ট, বাস্তব লঙ্ঘন অবশ্যই আপিলটিতে উল্লেখ করতে হবে।

এই আপিল পাওয়ার 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে, সুপারিনটেনডেন্ট লিখিতভাবে একটি সিদ্ধান্ত জারি করবেন। সুপারিনটেনডেন্ট আপিলটি তদন্তে অথবা সিদ্ধান্ত গ্রহণে উপযুক্ত গঠিত দলগুলির সহায়তা চাইতে পারেন। সুপারিনটেনডেন্টের সিদ্ধান্তই চূড়ান্ত এবং বাধ্যবাধকতাযুক্ত। সকল সিদ্ধান্ত অনুরোধক্রমে জনসাধারণের কাছে লভ্য হবে। যখন যথাযথ, ইস্যুকৃত সিদ্ধান্ত থেকে ব্যাক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য বাদ দেয়া হবে।

## II. ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম

A. গঠন

1. আবশ্যিক সদস্যবৃন্দ

DLT-এর আবশ্যিক সদস্যগণ হলেন:

- কমিউনিটি সুপারিনটেনডেন্ট (অথবা নিয়োজিত ব্যক্তি)
- হাই স্কুলের সুপারিনটেনডেন্ট(গণ) (অথবা নিয়োজিত ব্যক্তি) ভৌগলিকভাবে ডিস্ট্রিক্টে অবস্থিত হাই স্কুলগুলোর জন্য দায়বদ্ধ।
- CSA প্রতিনিধিগণ (একটি K-8 এবং একটি HS)
- UFT প্রতিনিধিগণ (একটি K-8 এবং একটি HS)
- DC 37-এর প্রতিনিধি
- ডিস্ট্রিক্ট প্রেসিডেন্টস্ কাউন্সিলের প্রেসিডেন্ট (অথবা নিয়োজিত ব্যক্তি)
- বরো হাই স্কুল প্রেসিডেন্টস্ কাউন্সিলের প্রেসিডেন্ট (অথবা নিয়োজিত ব্যক্তি)
- টাইটেল ওয়ান (I) ডিস্ট্রিক্ট প্যারেন্ট অ্যাডভাইজরি কাউন্সিলের চেয়ারপার্সন (অথবা নিয়োজিত ব্যক্তি)
- কমিউনিটি এডুকেশন কাউন্সিলের প্রতিনিধি
- দুইজন শিক্ষার্থী প্রতিনিধি (একজন হাই স্কুল শিক্ষার্থী এবং একজন মিডল্ স্কুল শিক্ষার্থী), যারা হাই স্কুল সুপারিনটেনডেন্টের(দের) সাথে পরামর্শ সাপেক্ষে কমিউনিটি সুপারিনটেনডেন্ট দ্বারা নির্বাচিত হন।

2. আবশ্যক নয় এমন সদস্যবৃন্দ

কমিউনিটি ভিত্তিক সংগঠনসমূহ (CBO), একটি সিটিওয়াইড কাউন্সিলের একজন সদস্য যার সন্তান ভৌগোলিকভাবে ডিস্ট্রিক্টে অবস্থিত একটি স্কুল বা প্রোগ্রামে পড়ছে, এবং ডিস্ট্রিক্ট 79 সুপারিনটেনডেন্ট অথবা তার মনোনিতে ব্যক্তিও DLT-তে অন্তর্ভুক্ত হতে পারে।

3. ডিস্ট্রিক্ট 75

ডিস্ট্রিক্ট 75-এর জন্যও একটি DLT-এর আবশ্যিকতা রয়েছে। ডিস্ট্রিক্ট 75-এর DLT-তে থাকবে ডিস্ট্রিক্ট 75 সুপারিনটেনডেন্ট, একজন CSA এবং একজন UFT প্রতিনিধি, এবং ডিস্ট্রিক্ট 75 প্রেসিডেন্টস্ কাউন্সিলের প্রেসিডেন্ট (তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি)। CBO-সমূহ এবং সিটিওয়াইড কাউন্সিল অন স্পেশাল এডুকেশনের প্রেসিডেন্টও (অথবা নিয়োজিত ব্যক্তি) ডিস্ট্রিক্ট 75 DLT-তে অন্তর্ভুক্ত হতে পারেন।

B. সিটিওয়াইড হাই স্কুল DLT কমিটি

1. উদ্দেশ্য

DLT আলোচনায় হাই স্কুলসমূহের চাহিদা এবং বিশেষ বিষয়ের প্রভাব, তাদের শিক্ষার্থীদের পূর্ণ প্রতিনিধিত্ব নিশ্চিত করতে, হাই স্কুল প্রতিনিধিদের নিয়ে একটি সিটিওয়াইড ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম কমিটি অবশ্যই গঠন করতে হবে এবং তারা প্রতি মাসে মিলিত হবে প্রাসঙ্গিক ড্যাটা পর্যালোচনা এবং হাই স্কুল স্তরে যে বিষয়গুলি শিক্ষার্থী পারফরম্যান্সের উপর প্রভাব ফেলছে সেগুলি শনাক্ত করতে। প্রতি মাসের সিটিওয়াইড হাই স্কুল DLT কমিটি (CHSDC) মিটিংয়ের একটি সার-সংক্ষেপ কমিটির একজন (একাধিক) সদস্য (যিনি একজন লিঁয়াজো হিসেবে পরিষেবা দেবেন) দ্বারা এবং/অথবা কমিউনিটি সুপারিনটেনডেন্ট দ্বারা ***একটি কার্য-বিবরণীর ধ্রুব বিষয় হিসেবে*** প্রতিটি ডিস্ট্রিক্টের মাসিক DLT মিটিংয়ে রিপোর্ট করবেন। DLT-গুলি যেকোনো হাই স্কুল-স্তরের অংশীদার প্রতিনিধিকে অন্তর্ভুক্তকরণ অব্যাহত রাখবে এবং সাবকমিটির লিঁয়াজো কর্তৃক উত্থাপিত বিষয় আলোচনা করবে যা ডিস্ট্রিক্টের সামগ্রিক দ্বাদশ (12) গ্রেডের কৌশলগত পরিকল্পনা এবং সমস্যা সমাধানের অংশ।

2. সদস্যপদ

সিটিওয়াইড হাই স্কুল DLT কমিটির আবশ্যিক সদস্যগণ হলেন:

- হাই স্কুল সুপারিনটেনডেন্টগণ
- ডিস্ট্রিক্ট 79 সুপারিন্টেনডেন্ট
- ডিস্ট্রিক্ট 75 সুপারিন্টেনডেন্ট
- UFT হাই স্কুল প্রতিনিধি
- CSA হাই স্কুল প্রতিনিধি
- DC 37 হাই স্কুল প্রতিনিধি
- প্রতিটি বরো হাই স্কুল প্রেসিডেন্টস্ কাউন্সিল থেকে দুজন পিতামাতা প্রতিনিধি
- প্রতিটি HS সুপারিনটেনডেন্টের এখতিয়ার/ডিস্ট্রিক্ট (HS সুপারিনটেনডেন্ট দ্বারা বাছাইকৃত) থেকে একজন শিক্ষার্থী প্রতিনিধি
- যেখানে প্রযোজ্য, ডিস্ট্রিক্ট 75 প্রেসিডেন্টস্ কাউন্সিল থেকে দুজন হাই স্কুল পিতামাতার প্রতিনিধি।

CHSDC-এর সভাপতি হবেন একজন হাই স্কুল (HS) সুপারিনটেনডেন্ট, যাকে ডিভিশন অভ দ্যা ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর নিয়োগ দেবেন। প্রত্যেক শিক্ষা বছরের শুরুতে নিয়োগপ্রাপ্ত CHSDC চেয়ারপার্সনের নাম CHSDC সদস্যদেরকে অবহিত করা হবে।

CHSDC অবশ্যই তৈরি করবে উপবিধিসমূহ, যা এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে কমিটি সদস্যপদ এবং পরিচালনা (যেভাবে সেকশন II.C.-এতে রেফারকৃত) সম্পর্কিত প্রধান সিদ্ধান্ত পরিচালনা করবেন।

3. CHSDC-এর দায়দায়িত্ব

CHSDC-এর সভাপতি বা চেয়ারপার্সন প্রতি মাসের CHSDC মিটিংয়ের সার-সংক্ষেপ গ্রন্থনা এবং শেয়ার করবেন এবং প্রতি ডিস্ট্রিক্ট DLT মিটিংয়ের সময় ***একটি স্থায়ী আলোচ্যসূচিভুক্ত স্বতন্ত্র বিষয়*** হিসেবে উপস্থাপন করবেন।

প্রতিটি DLT-এর হাই স্কুল সদস্যগণ একত্রিতভাবে সিদ্ধান্ত নেবেন কে CHSDC-এর মাসিক মিটিং থেকে পুরো DLT-এর জন্য তথ্য, সংস্থান, এবং উপকরণ সংগ্রহ করার জন্য দায়িত্বপ্রাপ্ত হবেন। হয় একযোগে, অথবা কোনো নিয়োগপ্রাপ্ত হাই স্কুল সদস্য (HS সুপারিনটেনডেন্টগণ, UFT, CSA, DC 37, এবং/অথবা পিতামাতা) DLT-এর সিটিওয়াইড হাই স্কুল DLT কমিটির লিঁয়াজো হিসেবে কাজ করবেন।

ডিস্ট্রিক্টের সামগ্রিক আর্লি চাইল্ডহুড থেকে দ্বাদশ (12) গ্রেডের কৌশলগত পরিকল্পনা এবং সমস্যা সমাধানের অংশ হিসেবে DLT-গুলো কোনও হাই স্কুল-স্তরের অংশীদার প্রতিনিধিকে অন্তর্ভুক্ত করা অব্যাহত রাখবে এবং সিটিওয়াইড হাই স্কুল DLT কমিটির লিঁয়াজো কর্তৃক উত্থাপিত বিষয়গুলি আলোচনা করবে।

CHSDC সংশ্লিষ্ট যেকোনো সম্ভাব্য বিষয় ও উদ্বেগ সমাধানের জন্য DOE সেন্ট্রাল অফিস (ডিভিশন অভ দ্যা ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর) দায়িত্বপ্রাপ্ত থাকবে।

C. উপবিধি (বাই-ল্য)

1. প্রতিটি DLT এবং CHSDC অবশ্যই দায়দায়িত্ব সম্পর্কে স্পষ্ট নির্দেশনা প্রদান করতে উপবিধি (বাই-ল্য) তৈরি করবে। উপবিধিতে টিম/কমিটি সদস্যপদ এবং পরিচালনা সম্পর্কিত প্রধান সিদ্ধান্তসমূহ অন্তর্ভুক্ত থাকবে। DLT/CHSDC উপবিধি অবশ্যই এই প্রবিধানের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে। DLT অথবা CHSDC-এর উপবিধির কোনও ধারা এই প্রবিধানের সাথে সাংঘর্ষিক হলে:
    - সেই ধারাটি অযোগ্য ও বাতিল বিবেচিত হবে, এবং এই প্রবিধানের ধারা নিয়ন্ত্রণকারী ধারা হিসেবে বিবেচিত হবে।
    - এই ধারাটি যেকোনো DLT/CHSDC সদস্যদের প্রস্তাব দ্বারা যেকোনো DLT/CHSDC মাসিক মিটিংয়ে সংশোধন করা যেতে পারে।
    - এই প্রবিধানের সাথে সাংঘর্ষিক নয় এমন অন্য সকল বিদ্যমান ধারাগুলো পূর্ণমাত্রায় কার্যকর থাকবে।
2. সকল উপবিধি অবশ্যই নিম্নোক্ত বিষয়গুলো উল্লেখ করবে:
    - টিম/কমিটির সদস্যগণ এবং চেয়ারপার্সনের ভূমিকা;
    - টিম/কমিটির গঠন;
    - মিটিংয়ের কাঠামো;
    - কোরাম;
    - চেয়ারপার্সন (সভাপতি) বাছাই পদ্ধতি;
    - CBO-সমূহ এবং শিক্ষার্থী সদস্য বাছাইয়ের পদ্ধতি, যেখানে প্রযোজ্য;
    - চেয়ারপার্সন এবং সদস্যদের অপসারণ প্রক্রিয়া;
    - সিদ্ধান্ত গ্রহণের পদ্ধতি;
    - মিটিং চলাকালে পর্যবেক্ষকদের ভূমিকা;
    - মিটিংয়ে কারা কথা বলতে পারেন;
    - টিম বা দলটি প্রতি শিক্ষা বছরে অবশ্যই কমপক্ষে দশ বার মিলিত হবে;

- কতগুলো মিটিংয়ে অনুপস্থিত থাকা যাবে, এবং নির্দেশিত সংখ্যার বেশি মিটিং অনুপস্থিত থাকার ফলাফল; এবং
- একজন সেক্রেটারি থাকবেন

3. প্রতি বছর নভেম্বরের 15 তারিখের মধ্যে DLT এবং CHSDC অবশ্যই তাদের উপবিধির একটি কপি এবং সকল টিম/কমিটি সদস্যের নাম এবং যোগাযোগের তথ্য DOE-এর আইপ্ল্যান পোর্টালে (www.iplanportal.com) আপলোড করবে।
4. DLT/CHSDC উপবিধিগুলো টিম/কমিটি দ্বারা কমপক্ষে দ্বিবার্ষিকভাবে পর্যালোচিত হওয়া উচিত। যদি DLT/CHSDC তার উপবিধিসমূহে কোনো পরিবর্তন করে অথবা সদস্যপদে কোনো পরিবর্তন হয়, তবে পরিবর্তনের বিজ্ঞপ্তি অবশ্যই আইপ্ল্যান পোর্টালে আপলোড করতে হবে।

D. মিটিংসমূহের সময়সূচি তৈরি

1. DLT-সমূহ এবং CHSDC-এর প্রতি শিক্ষা বছরে মাসে ন্যূনতম একবার মিলিত হওয়া উচিত এবং এতে সামার মিটিংগুলোও অন্তর্ভুক্ত, যদি তা SLT-এর উপবিধিতে অন্তর্ভুক্ত হতে পারে। মিটিংগুলো অবশ্যই ডিস্ট্রিক্ট/DOE প্রাঙ্গণে অথবা কোনো ভার্চুয়াল রিমোট প্ল্যাটফর্মে (VRP) অনুষ্ঠিত হতে হবে এবং এমন একটি সময়ে সময়সূচি করতে হবে যা পিতামাতা সদস্যদের জন্য সুবিধাজনক হয় (দিনের বেলা বা সন্ধ্যা)। আবশ্যিক সদস্যগণ অথবা তাদের দায়িত্বে নিযুক্ত ব্যক্তিগণ সকল DLT ও CHSDC মিটিংয়ে যোগদান করবেন বলে প্রত্যাশিত।
2. কার্যবিবরণী
   প্রতিটি মিটিংয়ে উপস্থিতি এবং কার্যবিবরণী অবশ্যই রেকর্ড করা হবে এবং আইপ্ল্যান পোর্টাল-এ (www.iplanportal.com) আপলোড করা হবে।

E. প্রতিমাসের DLT ক্যালেন্ডার

DCEP, ডিস্ট্রিক্টের পিতামাতা ও পরিবারের সাথে সম্পৃক্ততার নীতি (প্যারেন্ট অ্যান্ড ফ্যামিলি এনগেজমেন্ট পলিসি), এবং ডিস্ট্রিক্ট 100.11 প্ল্যান প্রণয়ন ও পর্যালোচনায় স্কুল-ভিত্তিক পরিকল্পনা এবং যৌথ সিদ্ধান্ত-গ্রহণে শিক্ষক ও পিতামাতাদের অংশগ্রহণের লক্ষ্যে সকল স্বার্থসংশ্লিষ্টদের সাথে পরামর্শ এবং একযোগে কাজ করেছে নিশ্চিত করতে DLT-গুলো সম্পৃক্ত হবার জন্য DLT-এর প্রতি মাসের ক্যালেন্ডারে আবশ্যিক মাসিক পদক্ষেপসমূহ উল্লেখিত থাকে। DLT-গুলোর তাদের মাসিক মিটিং সহজীকরণে ক্যালেন্ডার ব্যবহার এবং প্রয়োজন অনুযায়ী বাড়তি আলোচ্যসূচির বিষয় অন্তর্ভুক্ত করা উচিত।

F. অধিকার এবং দায়দায়িত্ব

1. কমিশনার অভ এডুকেশনের প্রবিধানসমূহের সেকশন 100.11 অনুযায়ী, স্কুল-ভিত্তিক পরিকল্পনা তৈরিতে এবং সিদ্ধান্ত গ্রহণে শিক্ষক, পিতামাতা, ও প্রশাসকদের অংশগ্রহণের লক্ষ্যে প্রত্যেক কমিউনিটি সুপারিনটেনডেন্ট অবশ্যই একটি ডিস্ট্রিক্ট-পরিকল্পনা তৈরি করবেন । সুপারিনটেনডেন্ট ডিস্ট্রিক্ট পরিকল্পনাটি তৈরির জন্য দায়বদ্ধ যা "একটি কমিটি যেটিতে প্রশাসকবৃন্দ যারা ডিস্ট্রিক্টের প্রশাসনিক দরকষাকষির সংগঠন(সমূহ) দ্বারা বাছাইকৃত, শিক্ষকবৃন্দ যারা শিক্ষকদের যৌথ দরকষাকষির সংগঠন(সমূহ) দ্বারা বাছাইকৃত, এবং পিতামাতাগণ (যারা ডিস্ট্রিক্ট অথবা যৌথ দরকষাকষির প্রতিনিধিত্বকারী শিক্ষক অথবা ডিস্ট্রিক্টের প্রশাসকদের দ্বারা নিয়োগপ্রপ্ত নন) তাদের নিয়ে গঠিত সেই কমিটির সহযোগিতায়। নিউ ইয়র্ক সিটিতে, এই কমিটি হলো ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (DLT)।

2. প্রত্যেক কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টে অবশ্যই একটি ডিস্ট্রিক্ট লিডারশিপ টিম (DLT) গঠন করতে হবে যেখানে ভৌগলিকভাবে ঐ কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্টে অবস্থিত এলিমেন্টারি, মিডল্, এবং হাই স্কুলের প্রতিনিধি থাকবে। স্কুল-ভিত্তিক পরিকল্পনা এবং যৌথ সিদ্ধান্ত-গ্রহণে পিতামাতা এবং কর্মীদের অংশগ্রহণের জন্য ডিস্ট্রিক্ট স্তরের পরিকল্পনা সম্পর্কিত বিষয়ে DLT-গুলো কমিশনারের প্রবিধানের সেকশন 100.11-এর শর্তগুলি পূরণ করে।
3. DLT ডিস্ট্রিক্টের সামগ্রিক শিক্ষা পরিকল্পনা (ডিস্ট্রিক্ট কমপ্রিহেনসিভ এডুকেশন প্ল্যান, DCEP) তৈরি করে, এতে অন্তর্ভুক্ত ডিস্ট্রিক্ট এবং চ্যান্সেলরের অগ্রাধিকারসমূহের সাথে সমন্বিত ডিস্ট্রিক্টের বার্ষিক লক্ষ্য এবং উদ্দেশ্যসমূহ এবং এর মধ্যে আছে ডিস্ট্রিক্ট 100.11 পরিকল্পনার ছয়টি শ্রেণীবিভাগ:
    a. বিভিন্ন শিক্ষাগত বিষয় যা বিল্ডিং স্তরে যৌথ পরিকল্পনার অধীনস্ত হবে;
    b. SLT-তে সকল পক্ষের প্রত্যাশিত অংশগ্রহণের ধরন ও সীমা;
    c. যেসব উপায় ও মানদণ্ড দ্বারা সকল পক্ষ শিক্ষার্থীর সাফল্য মূল্যায়ন করবে;
    d. সকল পক্ষকে যেসব উপায়ে তাদের যৌথ গৃহীত সিদ্ধান্তের জন্য দায়বদ্ধ করা হবে;
    e. SLT-সমূহে দ্বন্ধ নিরসনের প্রক্রিয়া; এবং
    f. পরিকল্পনা তৈরি ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় পিতামাতাদের অংশগ্রহণের জন্য স্টেট ও ফেডারেল শর্তাবলী কীভাবে পূরণ করা হবে।
4. DLT-সমূহ তাদের ডিস্ট্রিক্টের SLT-গুলোকে সহায়তা, পথ-নির্দেশনা, কৌশলগত সহযোগিতা/প্রশিক্ষণ, এবং দ্বন্দ্ব নিরসনেও সহায়তা দেবে। ডিভিশন অভ ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর অথবা তার উত্তরসূরি অফিস সুপারিনটেনডেন্ট এবং DLT-কে ডিস্ট্রিক্ট কম্প্রিহেনসিভ এডুকেশন প্ল্যান (DCEP) তৈরি করতে পথ-নির্দেশনা এবং কৌশলগত সহায়তা প্রদান করবে।
5. এছাড়া, DLT-গুলি অবশ্যই ডিস্ট্রিক্টের শেয়ারকৃত সিদ্ধান্ত-গ্রহণের কার্যকারিতা মূল্যায়ন করতে ডিস্ট্রিক্টের 100.11 প্ল্যানের একটি দ্বিবার্ষিক পর্যালোচনাও পরিচালনা করবে। DLT অবশ্যই প্রতি জোড়-সংখ্যার ক্যালেন্ডার বছরে 15 জানুয়ারির মধ্যে DCEP-তে ডিস্ট্রিক্ট 100.11 প্ল্যানের দ্বিবার্ষিক মূল্যায়ন সম্পন্ন করবে। দ্বিবার্ষিক মূল্যায়নের ফলাফল অবশ্যই নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টে প্রতি জোড়-সংখ্যার বছরে 1 (এক) ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে।

G. প্রশিক্ষণ এবং সহায়তা

1. প্রতিটি কমিউনিটি স্কুল ডিস্ট্রিক্ট, হাই স্কুল সুপারিনটেনডেন্সি, এবং ডিস্ট্রিক্ট 75-এর একজন সেন্ট্রাল কর্মী সদস্য (ডিভিশন অভ ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর, ডিভিশন অভ ইনক্লুসিভ অ্যান্ড অ্যাক্সেসেবল লার্নিং অথবা তাদের উত্তরসূরি অফিসসমূহ থেকে) থাকবে, যিনি DLT-সমূহ এবং/অথবা প্রধান স্বার্থসংশ্লিষ্টদের সহায়তা দিতে সামগ্রিক পরিষেবা প্রদান করবেন, এর অন্তর্ভুক্ত পেশাগত উন্নয়ন এবং প্রযুক্তি সহায়তা। এছাড়া, সুপারিনটেনডেন্টগণ একইভাবে DLT-গুলি গঠনে সেন্ট্রাল কর্মীদের কাছ থেকে সহায়তা চাইতে পারেন।
2. যথাযথ অনুযায়ী, নিয়োজিত সেন্ট্রাল কর্মী ডিস্ট্রিক্ট কর্মী এবং DLT-গুলোকে সহায়তা দিতে প্রশিক্ষণ প্রদান করবে এবং SLT-গুলোকে তাদের ভূমিকা এবং দায়-দায়িত্ব বুঝতে এবং পালনে সহায়তা দেবে।
3. প্রশিক্ষণের মূল ক্ষেত্রসমূহের অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমিত নয়:
    - ভূমিকা এবং দায়দায়িত্ব;
    - সর্বসম্মতির ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ;
    - টিম বা দলের কার্য-পরিচালনা, যেমন গঠন এবং উপবিধি;

- একটি DCEP তৈরি এবং পর্যালোচনায় পরিবারবর্গ এবং কমিউনিটিসমূহকে সংশ্লিষ্টকরণ;
- DCEP-এর সাথে বাজেট সমন্বয়; এবং
- টাইটেল ওয়ান প্রোগ্রামের শর্তাবলীর অনুবর্তীতা।

H. অভিযোগসমূহ

সকল DLT, DLT-এর ভিতরের অভিযোগসমূহ এবং দ্বন্দ্ব নিরসনে অভ্যন্তরীণভাবে কাজ করা উচিত। যদি তারা অভ্যন্তরীণভাবে সমাধানে ব্যর্থ হয়, সেক্ষেত্রে তারা FACE, ডিভিশন অভ ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর অথবা তার উত্তরসূরি অফিসগুলোতে সহায়তার অনুরোধ জানাতে পারেন। অভিযোগ FACE@schools.nyc.gov ঠিকানায় পাঠাতে হবে।

DLT-এর উপবিধি লঙ্ঘন করার ফলে DLT ভোটাভুটির মাধ্যমে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে এমন কোনও DLT সদস্য, DLT-এর ভোটের ফলাফলের বিরুদ্ধে আপিল জানাতে পারেন। আপিলটি অবশ্যই DLT ভোটের 5 দিনের মধ্যে FACE-এ লিখিতভাবে জমা দিতে হবে এবং এতে অভিযোগকারীর নাম এবং এর সাথে যোগাযোগ করা যেতে পারে এমন একটি ফোন নম্বর অথবা ইমেইল ঠিকানা অবশ্যই উল্লেখ করতে হবে। এই প্রবিধান অথবা DLT-এর উপবিধিসমূহের কোনও নির্দিষ্ট, বাস্তব লঙ্ঘন অবশ্যই আপিলটিতে উল্লেখ করতে হবে।

এই আপিল পাওয়ার 10 ক্যালেন্ডার দিবসের মধ্যে, FACE লিখিতভাবে একটি সিদ্ধান্ত ইস্যু করবে। FACE আপিলটি তদন্তে অথবা সিদ্ধান্ত গ্রহণে যথাযথ গঠিত দলগুলোর কাছে সহায়তা চাইতে পারে। FACE-এর সিদ্ধান্তই চূড়ান্ত এবং বাধ্যবাধকতাযুক্ত। সকল সিদ্ধান্ত অনুরোধক্রমে জনসাধারণের কাছে লভ্য হবে। যখন যথাযথ, ইস্যুকৃত সিদ্ধান্ত থেকে ব্যাক্তিগতভাবে শনাক্তযোগ্য তথ্য বাদ দেয়া হবে।

## III. স্কুল-ভিত্তিক পরিকল্পনা করা এবং যৌথ সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্রীয় পরিকল্পনা

স্কুল-ভিত্তিক পরিকল্পনা এবং যৌথ সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্রীয় পরিকল্পনায় (সেন্ট্রাল প্ল্যান) অন্তর্ভুক্ত DLT-গুলো দ্বারা গৃহীত স্বতন্ত্র ডিস্ট্রিক্ট পরিকল্পনাসমূহ; যা কমিশনার অভ এডুকেশনের প্রবিধানের সেকশন 100.11 এবং এর পাশাপাশি এই প্রবিধানে উল্লিখিত প্রক্রিয়া অনুযায়ী গঠিত। অফিস অভ স্কুল ইমপ্রুভমেন্ট প্রতিটি ডিস্ট্রিক্টের পরিকল্পনার কপিসমূহ সংরক্ষণ এবং সেগুলো কেন্দ্রীয় পরিকল্পনায় (সেন্ট্রাল প্ল্যান) গ্রন্থনা করার জন্য দায়িত্বপ্রাপ্ত। সিটিওয়াইড কমিটি যা স্কুল-ভিত্তিক পরিকল্পনা গ্রহণ এবং যৌথ সিদ্ধান্ত গ্রহণের জন্য কেন্দ্রীয় পরিকল্পনা অনুমোদন করে - এতে অন্তর্ভুক্ত একজন সিনিয়র UFT প্রতিনিধি, একজন সিনিয়র CSA প্রতিনিধি, একজন সিনিয়র DC 37 প্রতিনিধি, এবং চ্যান্সেলর কর্তৃক নিয়োজিত প্রতিনিধিগণ।

## IV. SLT এবং DLT-সমূহের জন্য সাধারণ গাইডেন্স

SLT-সমূহের জন্য পথ-নির্দেশনা এবং সহায়তা সেকশন I.K-তে বর্ণিত আছে। DLT-সমূহের জন্য নির্দেশনা এবং সহায়তা সেকশন II.G-তে বর্ণিত আছে। সেন্ট্রাল অফিসগুলি থেকে সহায়তা চাইবার আগে নিচে উল্লিখিত অনুযায়ী এই সেকশনগুলি দেখুন।

FACE, অথবা তার উত্তরসূরি অফিস, প্রয়োজন অনুযায়ী, SLT এবং DLT-সমূহ থেকে প্রাপ্ত ক্ষোভ এবং অভিযোগ সম্পর্কিত আপিলের উত্তর প্রদান করবে।

ডিভিশন অভ ফার্স্ট ডেপুটি চ্যান্সেলর, অথবা উত্তরসূরি অফিস, স্কুল- এবং ডিস্ট্রিক্ট-স্তরের কম্প্রিহেনসিভ এডুকেশন প্ল্যান, ডিস্ট্রিক্ট 100.11 প্ল্যান, টাইটেল ওয়ান (I) প্রোগ্রাম সম্পর্কিত শর্তাবলী, এবং আবশ্যিক ফেডারেল ও স্টেট স্কুল এবং ডিস্ট্রিক্ট ইমপ্রুভমেন্ট প্রক্রিয়াসমূহ প্রণয়ন এবং পর্যালোচনা সংক্রান্ত পথ-নির্দেশনা এবং কৌশলগত সহায়তা প্রদান করবে।

এছাড়াও অন্যান্য কেন্দ্রীয় (সেন্ট্রাল) অফিসের সাথে পরামর্শক্রমে FACE এই প্রবিধানকে সম্পূরক হিসেবে পথ-নির্দেশনা ইস্যু করতে পারে।

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান নিচের ঠিকানায় পাঠাতে হবে: FACE. SLT-গুলো সংক্রান্ত সকল অনুসন্ধান প্যারেন্ট কোঅর্ডিনেটরদেরকে এবং DLT-গুলো সংক্রান্ত সকল অনুসন্ধান ফ্যামিল লিডারশিপ কোঅর্ডিনেটরদেরকে জানাতে হবে।

## V. অনুসন্ধান

এই প্রবিধান সংক্রান্ত সকল অনুসন্ধান এই ঠিকানা বরাবর হতে হবে:

Office of Family and Community Empowerment
N.Y.C. Department of Education
52 Chambers Street - Room 405
New York, NY 10007
ফোন: 212-374-4118
ইমেইল: FACE@schools.nyc.gov